Kaleidoscope

Editor: Sumita Ghosh

Oct. 2021

Alumni Association,
NCE Bengal & Jadavpur University,
Mumbai. Branch

Paramita

Kaleidoscope, 2021

(A Literary Magazine, Sixth Year of Publication)

On the occasion of

Bijoya Sammelani

23rd October, 2021

Alumni Association,

NCE Bengal and Jadavpur University, Mumbai Branch

(Regn. No. 985/2001)

403, Nirmal, A-2/9 Gokuldham, Goregaon (East),

Mumbai 400 063.

Website: http//www.juaam.in

Editor
Sumita Ghosh

Assistant Editor
Swapan Ghosh

Front Cover Page Design
Ashis Manna

Inside Front Cover Page Design
Paromita Khan

Back Cover Page Design
Wrishit Banerjee

Inside Back Cover Page Design
Sudipa Ray

Disclaimer

Copyright of all the contents in this
magazine lies with the "Contributors"

Printer
Maya Prints, Girgaon, Mumbai
Mob : 9820526778 | Email: mayaprintjd@gmail.com

Contents

From the Editor's Desk 2

1. যদুবংশের কড়চা - All About the Jadavpur

(i) Amal Kumar Basu - The Untold Journey! - Subhas Basu 5
(ii) I do it as I think best to do it - Rajat Dasgupta 7
(iii) তিন দশকের পরিবার - দিব্যেন্দু চক্রবর্তী 9
(iv) Reminiscence - Nivedita Saha 21
(v) আমার যাদবপুরের শিক্ষাগুরুরা - সুমিতা ঘোষ 22
(vi) Lux Tua Nos Ducat - Subrata Guha 25
(vii) পুরনো কথা - গৌতম কুমার রায় 28
(viii) Nostalgic Memories and Flashbacks - Ashok Adhikary 32
(ix) স্মৃতি সততই সুখের - দেবেশরঞ্জন গঙ্গোপাধ্যায় 37
(x) Alma Matters - Annesha Das 38
(xi) স্মৃতি দিয়ে ঘেরা - সুমিতা ঘোষ 40
(xii) About Our Trust - Ashok Adhikary & Sukumar Pramanik 42
(xiii) JU Jokes - Dilip Sengupta 46
(xiv) পরম্পরা - দিব্যেন্দু চক্রবর্তী 46
(xv) Jadavpur University Campus - Dilip Sengupta 47

2. রং তুলির ছোঁয়ায় - Magic With Paint Brush

(i) Anjan Dutta Roy 51
(ii) Sudipa Ray 52
(iii) Shoumil Guha 52
(iv) Aaliya Ganguly 53
(v) Ashis Manna 54
(vi) Suryadita Sain 55
(vii) Prarthana Chakraborty - Digital Painting 55
(viii) Rudranath Banerjee 56

3. গল্পের ঝুলি - Tell Tales

(i) A Suitable Girl - Aniruddha Sen 59
(ii) পোড়া - বাপ্পাদিত্য পাল 64
(iii) A Rakhi Story - Kanika G 69
(iv) বার্ধক্যে - বীরেন সাহা 72

Contents

(v) The war within - Kanika G 78
(vi) জনি - বিতান ঘোষাল 80
(vii) The Magical Swan - Parijat Saha 83
(viii) Leather Pages - Satakshi Ghosh 85
(ix) Stories that inspire me - Sudeshna Chakraborty 88
(x) The Company's Deception - Aaliya Ganguly 90

4. ছড়া পদ্য, কবিতার সম্ভার - Birds of Passion

(i) পিছুটান - অমর আচার্য 95
(ii) চেনাগলি চোরাগলি - অনিরুদ্ধ সেন 96
(iii) ওয়েভাতঙ্ক - রীণা চক্রবর্তী 96
(iv) Chocophony - Kanika G 97
(v) What, Why, How? - Kanika G 97
(vi) কবিতা সংকলন - শান্তনু দাম 98
(vii) Blinded - Paromita Das 99
(viii) The Rhythm in Footprints - Sayak Nandi 100
(ix) সাঁজবাতি সেঁজুতি সরকারের লেখনী থেকে - সেঁজুতি সরকার 101
(x) Collection of poems - Sharmishtha Chakraborty 102
(xi) দুটি কবিতা - সুমিতা ঘোষ 103
(xii) This shall pass too - Paromika Ghosh 104

5. স্মৃতি বিজরিত - Flashback

(i) Unforgettable Incident in January 1964 in Dacca - Amal Sankar Roy 107
(ii) Smaranika - Diip Sengupta 109
(iii) I Am Because You Are! - Sharmishtha Chakraborty 113
(iv) আলপনা - স্বর্গীয়া রাধারানী রায় (শ্যামাপ্রসাদ রায়ের মা) 113
(v) স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী - সুদীপ্ত বসু 114

6. পায়ের তলায় সরষে - Travelogues

(i) শিলচর ভ্রমণ - গৌতম কুমার রায় 117
(ii) তুরস্ক ভ্রমন - অশোক বন্ধু মুখোপাধ্যায় 120
(iii) ভান্দারদারায় এক দিন - রমা চক্রবর্তী 125
(iv) Afghanistan - Sanjoy Chanda 126
(v) অঞ্জনা নদীর খোঁজে - দিলীপ সেনগুপ্ত 138

Contents

7. Essay

(i) বঙ্গভূমে মুসলিমায়ন - গোরা চক্রবর্তী 141

(ii) Interest for life: breaking the 120-year barrier in human ageing - Dr. Avijit Guha Roy 150

(iii) My Lifeline, My Plants - Bindu Bardhan 153

(iv) The Potato History around the world - Kahani Goyal 154

(v) The COVID-19 revolution: Some innate questions - Saha Dauji 155

(vi) Maps of the World - Kinara Goyal 158

(vii) In vitro fertilization and other assisted forms of Reproduction during corona times - Dr. Avirupa Guha Roy 160

(viii) The Secrets of Chocolate - Kinara Goyal 163

(ix) My confounded love affair - Rito Chakraberty 165

(x) Digression from sense of literature & fine arts to extreme materialism - Shyama Prasad Ray 169

(xi) Travelling to nowhere? - Bishnupada Bhattacharya 172

8. Contributors 183

কলকাতা ঃ সংস্কৃতির পীঠস্থান

Photo Courtesy : Dilip Sengupta

From the Editor's Desk

Dear Friends,

Let me start my editorial this year, for a change, by wishing you all "Shuvo Bijaya". I know, for the past two years, things have gone hayware in our lives. Many of us are still going through tough times. The only way we can move forward in life is to think positive and wait for the light at the end of the tunnel. With that intention only, our sixth issue of Kaleidoscope is being published. I am grateful to all our alumni members and their near and dear ones for contributing in this effort. We have put our best foot forward to provide you as much solace as possible through good reading. I am sure, the book has got enough material to suit every taste and will definitely help all of us to overcome the trauma to a certain extent.

So friends, stay safe and sound. Happy reading!

Sumita Ghosh,

MA(English),1978

Welcome to Kolkata

Photo Courtesy : Dilip Sengupta

1

যদুবংশের কড়চা

All About Jadavpur

Memory : 'Tis but a little faded flower.
But, oh, how fondly dear !
'Twill bring me back one golden hour,
Through many a weary year.

Amal Kumar Basu - The Untold Journey!

- Subhas Basu

Our Father, our icon, Mr. Amal Kumar Basu, turned 98 years old on 7th August 2021.

A spectacular journey through time, 1923 onwards, abundantly rich with invaluable and powerful experiences about which we got to hear while growing up, and now our children get to hear some of them.

A person's personality is said to be associated with the birth hierarchy. Our Father is the oldest of seven siblings, so he has all the characteristics of a first born - he is industrious, tenacious, a good leader with great organizational skills, and has a tremendous sense of responsibility. He led us by example. He encouraged us to take up new challenges and taught us to never stop acquiring knowledge.

The continuing life journey has many dimensions, not only in terms of his personal growth from growing up in a family of humble background, as a student and as an early stage entrepreneur he manufactured soap and sold it door to door – personally. Next, he completed Chemical Engineering at Jadavpur University and then embarked on an illustrious career, from Kolkata to London / Stockton-on-tees, England, living the high western life and finally back in India. He loved his country and desired to bring his knowledge to India along with his preference for living amongst his family motivated him to adjust to the ways of life in the 1960s in socialistic India with white Ambassador Cars and huge taxation. His prized possession was the typewriter imported from UK. Many don't know but he had a second tryst with entrepreneurship and initiated a company in Delhi, though finally settling into an amazing career till his retirement in 1984. Intermingled with his work - life, was extensive travel to countries which we did not know existed and exactly where they were located on the map, like Finland, Cuba, Etc to name a few.

To many that may be a time to call it a day – not our father or Amal-da as you may consider him to be, it was the beginning of the journey – consulting, entrepreneurial (3rd), laboriously extracting a patent for a

rice husk to electricity prototype plant, philanthropy and many times social work, including his own residential building society giving it a direction.

It is imperative to mention that his guidance and insightful thoughts were the founding stone for the dream family company founded by his son (the writer of this article) - Silicon Interfaces, a tier 1 semiconductor service company, the extended family at Silicon Interfaces is indebted to him for the vision and global footprint set by him.

He touched many lives – his 3 brothers and 3 sisters were very close to him, friends of his, over the years, still call us and send us messages, some who have not met him in 30 – 50 years but still have some memories to share, many alumni of Jadavpur University remember his early efforts to develop the association and then grow it (to date JUAA is still an envy for all other College Associations who strive to match the spirits inherent) and of course, many office or work colleagues, and the many illustrious careers he has launched.

His next generation family – the 2 daughters and 1 son and their families in the United States and India and of course families of his siblings, his alumni and colleagues still interact with him. He is Dadabhai, Daddy, Babba, Da, Dada, Boromama, Sir, Dadamoni and even Amal-da to many, – each and every one of us felt closeness and every interaction left us richer.

Our Dad is an Engineer by profession. When we were growing up, he was at the pinnacle of his career with extremely busy times and worldwide business travels, but he always kept us, our family- both immediate and extended as his top priority

Dad made sure that our dinner table was the meeting place for us every evening where we ate together, chatted and debated, all of which created lifelong family bonds. On Sundays, he would sometimes join our Mother in the kitchen to prepare some of the most delicious meals! These two interactions would perhaps be very relevant to today's age of mobiles and social media!

Our Father's vision, judgment, and thinking is amazingly logical and very modern, even at the age of 98! Dad is timeless! May he have more and more candles to blow on his birthday cake!

Subhas Basu, Mala Dutt, Ela Bhaumik
(With inputs from my sister, Mala Dutt and Ela Bhaumik)

I do it as I think best to do it

- Rajat Dasgupta

I was actively involved with the with alumni activities even much before I landed in Mumbai in December 1994.Our common goals for Delhi chapter alumni engagement plan includes among many others, to identify and cultivate partnerships with alumni and enhance the impact of the JU alumni community globally. We used to evaluate the needs, expectations and attitudes of various alumni groups and segment them into appropriate groups for better engagements. A good alumni engagement strategy is one that brings tangible benefits for the overall alumni structure (organisation), whether these are related to fund raising, career guidance to current students ,or even high attendance at events etc. There was constant effort to improve and boost alumni engagements and fund raising.

With that sort of engagements, exposures and experiences, I came to Mumbai immediately after retiring from EIL on 30th November 1994. Initially for a month or two, I was fully engrossed with my official responsibilities of CEIL for Indian operation alongside international business familiarisations of the parent company .Notwithstanding heavy burden with official engagements, I picked up close personal friendships with couple of my colleagues in Chemtex, who were deeply connected with alumni activities of the Mumbai Chapter-Sukumar and P.K.Roy, both were from the Instrumentation Control Deptt. of CEIL .

On our free time Sukumar used to come to my room and briefed me on important alumni activities. Gradually with the passage of time, I felt almost sucked into alumni activities and was eagerly awaiting to meet some of the stalwarts of the Mumbai alumni chapter. Anway couple of months, even more- had elapsed by then ,but my aspiration never took a back seat getting acquainted soon with the JUAAM members. Opportunity came in my way, when I introduced myself to a fairly large group of alumni members, who all had assembled with their families, on a social visit to Syamalda (Syamal Gupta) and his family at his residence that finally ending with a sumptuous lip smacking lunch. After a hurried introductory session of all the attendees , I was given some more time to share my involvements and experiences with the alumni activities of Delhi Chapter with which I was deeply engaged in excess of twenty four years.

I developed a sense of belonging while engaging with various alumni engagements during my working life in Delhi. However, I realised as the time passed, culture of close bonding amongst the member families in Mumbai is something very different. I enjoyed every bit of spontaneous whole hearted supports coming from all the fellow members of the Mumbai chapter, which had motivated me more to nurture the alumni movements for last 26 years of gleeful attachments with JUAAM Chapter .I

sincerely believe practising a nice piece of quote by famous Helen Keller- " Walking with a friend in the dark is better than walking alone in the light ...".A solid seamless team work is what we need to elevate ourselves in alumni activities

Knowing my friends better, were there for me and feeling of a strong alignment with alumni friends and top of the world seemed boundless .We ensured, bountiful emotions saturated the air of our seamless teamwork with a cloud of joy and cheer in Mumbai .To be able to feel the warm embrace of friends after years apart is one of the very few feelings beyond words. Regardless of failures and successes, we find ourselves instantly taken back to the good old university days.

We set some tips to build an evolving Alumni Engagement Strategy.

Gather more and more alumni information...

Creating persona maps for each alumni sub-groups..

Social media to promote networking and alumni engagements...

Tools to monitor alumni engagement strategies...

A good alumni strategy is one that brings tangible benefits for any alumni chapter.Another important aspect is how to grow more and develop a recognisable brand image in the market place.The magic of thinking big can surely widen the horizon of your life, and bring you greater opportunities and greater success. It is you , who sets limits on your thinking You can break beyond the limits you are putting on yourself, by thinking big.

It means thinking bigger , beyond your immediate circumstances.

It means aspiring from bigger things.

It means not limiting yourself to mediocre thoughts.

It means not being afraid to think differently from the people around you.

Thoughts have power. If you think bigger, you are putting more power into your thoughts, and if you add positive action . you are most likely to reach far..

We opted the above principles and strategies in taking our alumni activities of our Mumbai Chapter from early1995 and quickly achieved moderate success in taking it to a greater height with the active supports coming from various quarters and the members.

I am quite positive ,having good leadership to lead by examples ,resilient and with the high sense of commitments our Mumbai chapter of JU Alumni Association will do wonders and grow from strength to strength.

তিন দশকের পরিবার

- দিব্যেন্দু চক্রবর্তী

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের মুম্বাই শাখার প্রাক্তনী সংসদে দেখতে দেখতে আমার ৩০ বছর হয়ে গেল। কিছু অভিজ্ঞতা আর শিক্ষা স্মৃতি হাতড়ে লিখে ফেললাম - একেবারে নিজের অনুভূতিতে। যতদূর সম্ভব স্থান,কাল,পাত্র ঠিক লেখার চেষ্টা করেছি। কিছু তথ্যগত ভুল যদি থেকে যায় , তা একেবারেই অনিচ্ছাকৃত।

১। ঘোষের গোয়ালে

১৯৯১ সালে কলেজ থেকে বেরিয়েই যোগদান করি লার্সেন এন্ড টুবরো নামক কোম্পানিতে। সেসময় কোম্পানির পাওয়াই কমপ্লেক্স ছিল এক অত্যন্ত জাঁকজমকপূর্ণ জায়গা। সাকিনাকা থেকে যে রাস্তাটা পাওয়াই লেকের দিকে এসেছে, তার ডান দিকে এবং বাঁদিকে সাতটা গেট নিয়ে ছিল লারসেন এন্ড টুবরো কোম্পানি। এখন তার সিকিভাগও অবশিষ্ট নেই। সমস্ত কংক্রিটের জঙ্গলে ভরে গেছে। কোম্পানি জমি বেচে অন্য জায়গায় কারখানা প্রতিস্থাপন করেছে। এক নম্বর আর সাত নম্বর গেটের ব্যবধান ছিল প্রায় দেড় কিলোমিটার। এই দেড় কিলোমিটার পথে মিনিট পনেরো কুড়ি পর পর একটা শাটল বাস চলাচল করত। আমার অফিস ছিল ছয় নম্বর গেটে,যেখানে এখন সানোফি ফার্মাসিউটিক্যাল এর অফিস। আর আমার ব্যাচমেট বন্ধুদের সবারই অফিস ছিল এক নম্বর গেটে। মাঝে মাঝে শাটল বাস ধরে লাঞ্চের সময় আমি আসতাম এক নম্বর গেটের কাছে ক্যান্টিনে। সেই ক্যান্টিনে আমি বন্ধুদের সাথে দেখা এবং খাওয়া দুটোই করতাম।

সবে দুর্গাপূজা শেষ হয়েছে। মনটা খুব খারাপ। এই প্রথম পুজোর সময় কলকাতার বাইরে। এমনই একটি দিনে যখন আমি লাঞ্চের পরে বন্ধুদের সাথে গল্প করতে করতে হেঁটে আসছি , তখন কিছু সিনিয়ার যাদবপুরের দাদাদের সাথে দেখা। তাদের একজনের নাম ছিল পি এম বৈষ্ণব (1975 Chem)। উনি গুজরাটি হলেও খুব চমৎকার বাংলা বলেন। গোল গোল গালে খানিকটা জর্দা পুরে নিয়ে আমাদের অনেক খোঁজ-খবর নিলেন। তারপর বললেন যে মুম্বাইতেই নাকি যাদবপুরের একটি প্রাক্তনী সংসদ আছে এবং পরবর্তী শনিবারই তাদের একটা বিজয়া সম্মিলনী উৎসব আছে। ফোন নাম্বার দিয়ে বললেন যে উদ্যোক্তাদের সাথে যোগাযোগ করতে।

অফিসে ঢুকে কয়েকটা ড্রয়িং-এ হালকা কিছু আঁচড় মেরেই ফোন করলাম। ক্ষান্তনিদ্রার আয়েসে বেশ আদুরে গলার এক মহিলাকণ্ঠ ফোনটি ধরলেন। তিনি নিজে যাদবপুরের প্রাক্তনী। কিছুক্ষণ কথা বলার পরে বললেন যে অতিথি সংখ্যা অনেক হয়ে গেছে, তাই সেই মুহূর্তে আমাদের ৩-৪ জনের যোগদান অনিশ্চিত। আরও বললেন যদি রাতের দিকে ফোন করতে পারি, তবে ওনার স্বামীর সাথে সরাসরি কথা বলা যেতে পারে। মনটা খুব খারাপ হয়ে গেল। কিন্তু রাতে ফোন করতেই গল্পটা চমকপ্রদ মোড় নিল। ভদ্রলোক প্রথমেই জিজ্ঞাসা করলেন , তোমরা কোন ব্যাচ? আমরা কলেজপ্রসূত একেবারে তিনমাসের শিশু জেনে খুব মোহিত হয়ে গেলেন। সঙ্গে সঙ্গে আমাদের জায়গা পাকা হয়ে গেল।

বোধকরি ১৯৯১ সালের নভেম্বর মাসের প্রথম সপ্তাহ।হিন্দুস্থান পেট্রোলিয়াম-এর চেম্বুরের অতিথিশালায় যথাসময়ে যথা দিনে আমরা চার বন্ধু এসে

হাজির হলাম। এটা একটা খুব সুন্দর জায়গা। সামনে গাছপালা ভর্তি বাগান আর ভেতরে একটি সুসজ্জিত ভবন। ইতিউতি ছড়িয়ে প্রাক্তনীদের জটলা। ঘাসের লনে কিছু শিশু এদিক ওদিক দৌড়াদৌড়ি করছে। একজন সৌম্যকান্তি লোক ধুতি পরে দাঁড়িয়ে একেবারে গেটের সামনে। তার পাশেই দাঁড়িয়ে একজন কালো প্যান্ট সাদা জামা পরিহিত ছোটখাটো মাপের মানুষ। খানিকটা ম্যাজিশিয়ানের পোশাকে সজ্জিত এই ভদ্রলোকের মাথায় একটা টুপি।

পরে জেনেছিলাম এই ধুতি পরিহিত ভদ্রলোকের নাম রণজিৎ মোহন বর্ধন (1955 Chem) দ্বিতীয়জনের নাম অনিলকৃষ্ণ সিনহা (1949 Mech) । বর্ধনবাবু সে সময় হিন্দুস্থান পেট্রোলিয়াম-এর একজন উচ্চপদস্থ কর্তা ছিলেন এবং ওনার উদ্যোগেই সেবারের বিজয়া সম্মিলনী আয়োজিত হয়েছিল হিন্দুস্থান পেট্রোলিয়াম-এর অতিথিশালায়। পরবর্তীকালে উনি ম্যাঙ্গালোর রিফাইনারীর ডাইরেক্টর হয়েছিলেন। অনিলবাবু অনেকদিন গোরক্ষপুরের Fertilizer Corporation of India তে চাকরী করার পর সদ্য অবসর নিয়ে বম্বে ফিরে এসেছেন। তারও আগে, ১৯৭১ সাল পর্যন্ত উনি লার্সেন এন্ড টুবরো কোম্পানীতে কাজ করেছিলেন। অনিলবাবু বহুমুখী প্রতিভার অধিকারী ছিলেন। একাধারে ইঞ্জিনীয়ার, চজ্জচঞ্ প্যানেলের ফুটবলের রেফারী এবং ম্যাজিশিয়ান। যুবক বয়েসে উনি যখন উচ্চশিক্ষার জন্য ইংল্যান্ডে ছিলেন, তখন সপ্তাহান্তের সময়টাকে ব্যবহার করেছিলেন রেফারিং এবং ম্যাজিক শেখার জন্য।

খানিকটা ভীরু গলায় আমরা জিজ্ঞেস করলাম ''আচ্ছা (1968 Mech.) স্বপন ঘোষ আর (1978 Eng.) সুমিতা ঘোষ এর সাথে কি কথা বলতে পারি? আমরা এখানে প্রথমবার আসছি এবং আসার আগে উনাদের ফোন করেছিলাম।''

চৈত্রমাসে আমাদের কলকাতার পাড়ায় অষ্টপ্রহর কীর্তনে একটি কীর্তনিয়া খোল বাজিয়ে লম্ফমান হতেন মুহুর্মুহু, উচ্চস্বরে তার গলায় অনুরণিত হত হরিবোল। আমাদের প্রশ্ন শুনে পাশের জটলা থেকে একজন লম্বা চেহারার প্রাক্তনী হইহই করে ঠিক সেইরকম লাফ দিয়ে আমাদের সামনে চলে এলেন। তার চেহারা ছিপছিপে এবং বয়েস সম্পর্কে আন্দাজ করা ভগবানের পক্ষেও দুষ্কর , পঁচিশ থেকে পঁয়তাল্লিশ, যা কিছু হতে পারে। কৌতুক, ঔৎসুখ্য এবং জিজ্ঞাসা মেশানো তার কণ্ঠস্বর - ''নতুন মনে হচ্ছে? এখনও কলেজের ধুলো গায়ে লেগে আছে। কাকে খুঁজছ? স্বপন ঘোষ? তার আর দরকার নেই। যাদবকুলে সঠিক ঘোষের গোয়ালে এসে গেছ''।

প্রাক্তনী সংসদের (Alumni Association) সাথে এই হল আমাদের প্রথম পরিচয়। সেদিন আরও অনেকের সাথে পরিচয় হয়েছিল, এবং জেনেছিলাম যে কোন অগ্রজ প্রাক্তনী মানেই , দাদা বলে সম্বোধন।

সেদিনের যাদবকুলের দিশা প্রদর্শনকারী দাদাটির নাম ছিল শ্যামাপ্রসাদ রায় (1971 Instru) ।পরবর্তী কালে স্বপন ঘোষ এবং শ্যামাপ্রসাদ রায়ের সাথে সম্পর্ক আরও গভীর হয়, যা আজ পর্যন্ত বর্তমান। পেশাগত ও ব্যক্তিগত কত ব্যাপারে যে ওনাদের থেকে সাহায্য পেয়েছি, তা বলাই বাহুল্য।

২। বাসু পরিবার



প্রাক্তনী সংসদের সাথে যোগাযোগ হওয়ার পর নিয়মিত খোঁজ রাখতাম কখন কি অনুষ্ঠান হবে। আস্তে আস্তে জানতে পারলাম দুটো গুরুত্বপূর্ন তথ্য। এক- মুম্বাই শাখা বেশ পুরনো, তার প্রতিষ্ঠা হয় ১৯৫৬ সালে। আর আমাদের প্রতিষ্ঠান একটি শিক্ষামূলক ট্রাস্ট পরিচালনা করছে ১৯৮০ সাল থেকে। মুম্বাই এর কয়েকটি সংস্থান ও মাতৃকুল, মানে খোদ যাদবপুর বিশ্ববিদ্যালয়ে মেধাবী

বা দুঃস্থ ছাত্র-ছাত্রীদের বৃত্তি দিয়ে থাকে এই ট্রাস্ট। ট্রাস্ট পরিচালনা, কারিগরী আলোচনাচক্র আর কিছু সামাজিক অনুষ্ঠান (যেমন পিকনিক, গানের অনুষ্ঠান, বিজয়া সম্মেলন, স্পোর্টস) , এইসব নিয়ে প্রাক্তনী সংসদের কর্মকাণ্ড। মাঝেমধ্যে আরেকটা অনুষ্ঠানও সদস্যরা করে থাকেন , সেটা হল Industry Visit. প্রথমদিকে যে কটা অনুষ্ঠানে যোগ দিয়েছিলাম তার মধ্যে দুটে মিটিঙের কথা বিশেষ করে মনে পড়ে।

প্রথমে যে মিটিঙের কথা বলব, সেটা খুব সম্ভবত মাতুঙ্গাতে সি কে রাধাকৃষ্ণানের (1958 Mech) বাড়িতে হয়েছিল। উনি খুব কর্মযোগী মানুষ ছিলেন। W H Brady কোম্পানীতে কাজের সুবাদে উনি নৌ বা ঊড়ান বন্দরের দ্রব্যপরিবহন যন্ত্রাদির সাথে পরিচিত হন এবং পরে নিজের একটা কারখানা গড়ে তোলেন। এমন দুঃখজনক ঘটনা যে সেই মিটিঙের কয়েকমাস পরেই (১৯৯৩ সাল) উনি পরলোকগত হন।

আমরা নির্ধারিত সময়ের কিছু আগেই সেখানে পৌঁছেছিলাম। মাত্র ৩-৪ জন বয়স্ক লোক সেখানে ছিলেন এবং তাদের কাউকেই আগের অনুষ্ঠানে দেখেছি বলে মনে করতে পারলাম না। একজনের উপস্থিতি খুব জাজ্জ্বল্যমান ছিল। কেশবিহীন দীর্ঘদেহী সেই ভদ্রলোক পিতৃসুলভ ভঙ্গীতে আমাদের জিজ্ঞেস করলেন , ''এই তোমরা কোন ব্যাচের ? আমরা পরিচয় বিনিময় করলাম। তারপর নির্ধারিত সময় অতিক্রম হয়ে যেতেই মিটিং চালু করার নির্দেশ দিলেন। আমার দিকে তাকিয়ে বললেন , এই ছোকরা, মিটিঙে এসেছ, পকেটে পেন কোথায় ? আমি তো আকাশ থেকে পড়লাম। একি! রবিবারেও অফিসে এলাম নাকি বাবা। আমাদের উদ্ধার করতে এগিয়ে এলেন উপস্থিত আরেকজন , প্রবাল মজুমদার (1958 E)। ওনার হাত থেকে কাগজ কলম নিয়ে কমান্ডারের দিকে তাকালাম। বললেন , মিনিটস লিখতে আরম্ভ করো।

এবারে চুপিচুপি একটা নিজের অজ্ঞতার কথা বলি। ''মিনিটস'' ব্যাপারটা আমি সেইদিন প্রথম শুনেছিলাম। আমি জানতামই না ''মিনিটস লেখা'' মানে কোন একটা মিটিং চলাকালীন তার আলোচনাসূত্র লিখে রাখতে হয়।

এমতাবস্থায় কাগজ-কলম নিয়ে যখন প্রস্তুত, তখন হইহই করতে করতে সপারিষদ একটি ভদ্রলোক এলেন। ছাই রঙের টি শার্টে ছোটখাটো চেহারায় একপ্রাঞ্জল মানুষ। প্রথমেই দুঃখ প্রকাশ করলেন যে গাড়ির টায়ারের কিছু অসুবিধা থাকায় উনার আসতে দেরি হয়েছে। তারপরে সোজা আলোচনার মধ্যে ঢুকে গেলেন। গড়গড় করে বলে যেতে লাগলেন আগের মিটিঙে কি কি হয়েছে। আমি শুনে তাজ্জব হয়ে গেলাম একজন মানুষের কি অসাধারণ স্মৃতিশক্তি ! ! এর মধ্যে একটি নাম বারবার শুনছিলাম- ''দুলালী''। পরে বুঝলামসেই চরিত্রটির আসল নাম ''দুলানি এন্ড কোম্পানী'', মানে আমাদের প্রতিষ্ঠানের অডিটর। সেই অডিটরের অডিট রিপোর্টে বোধকরি কিছু সংশয় উপস্থিত হয়এবং সেটাই আমাদের আলোচনার বিষয়বস্তু ছিল। যাইহোক এই মিটিং থেকে দুজন মহান মানুষের সাথে পরিচিত হলাম। আমি মনে মনে তাদের নাম দিলাম বড়দা আর মেজদা''।

প্রথম জনের নাম শ্রী অমল কুমার বাসু (1946 Chem) এবং দ্বিতীয় জনের নাম শ্রী সুপ্রিয় বাসু (1956 Mech)। প্রথমজনের মধ্যে নিয়মানুবর্তীতার ব্যাকরণ ছিল। আর দ্বিতীয়জনের মধ্যে ছিল সবাইকে নিয়ে কাজ করার মতো এবং হইহই করার মত একপ্রাণশক্তি। কিন্তু দুজনের উদ্দেশ্য একই , "institution building"।

এবারে দ্বিতীয় মিটিঙের কথায় আসি। এই মিটিঙটা হয়ত ১৯৯৩-৯৪ সালের কোনও সময় হয়েছিল গোরেগাঁওতে অশোকদার (1970 E) বাড়ী। সাধারণত রবিবার বিকেলে চা, সিঙ্গারা সহযোগে জমে উঠত প্রাক্তনীদের আসর। অশোকদা আমাদের ফোন করে বলেছিলেন যে অমল কুমার বাসুকে অনেকদিন খাওয়ানোর ইচ্ছা, তাই এই মিটিঙের পর একটু নৈশাহারের ব্যবস্থা আছে। আমরা তো যারপরনাই খুশি। হঠাৎ করে এই ধরণের সমাবেশ এক নতুন মাত্রা পেল , সিঙ্গারা থেকে মাছের কালিয়ায় আরোহণ। সেই শুরু।

তারপর থেকে ডিনার বা লাঞ্চ সহযোগে মিটিঙের ব্যবস্থা করে থাকে সদস্যরা।

আমার নিজের বাড়িতে যখন মিটিং হয় তখন সবসময় নতুন কিছু পদ করার চেষ্টা করি। হাজার হোক যদুবংশ জিহবা-প্রবণ গোষ্ঠী। ''কথা'' কিম্বা ''কামড়'' , দুটোই সমান প্রিয়। একবার (বোধহয় ২০০২ বা ২০০৩ সালে) করেছিলাম আম-উৎসব। সমস্ত পদ রান্না হয়েছিল আম দিয়ে।

৩। তা তা থৈ থৈ

আস্তে আস্তে প্রাক্তনী পরিবারদের সাথে সম্পর্ক গভীর হতে থাকল। কার্যকরী সমিতির বছরে ৩-৪ টে সভা হত। সেই সব সভাতে যোগদান করতাম নিয়মিত। সভা ছাড়াও কিছু কিছু অগ্রজদের বাড়ীতে যাতায়াত চলত মাঝেসাঝে। দাদাদের সাথে সাথে বৌদিদেরও জ্বালাতন করতাম। ব্যাচেলর ছেলেপিলেদের আবদার তারা সহাস্যে মেনে নিতেন। কারোর বাড়ীতে গেলে না খাইয়ে তারা ছাড়তেন না। আমরাও উজ্জীবিত হয়ে ফিরতাম, মন ভরে থাকত এক অদ্ভুত আত্মীয়তায়।

সালটা খুব সম্ভবত ১৯৯৪। লার্সেন এন্ড টুবরো কোম্পানির অস্থায়ী ব্যাচেলর কামরা থেকে পিঠটান দিয়ে তখন নিজেদের ভাড়া করা বাড়ীতে বসবাস করছি বোরিভালীতে। জায়গাটা বোরিভালী (ইস্ট) আর কান্দিভিলির মাঝামাঝি হাইওয়ে সংলগ্ন এলাকা। নাম আশানগর। পাশে ঠাকুর কমপ্লেক্সের কয়েকটি বাড়ি তখন তৈরী হয়েছে মাত্র। ন্যাশানাল পার্ক থেকে হাইওয়ে ধরে একটু এগোলে ডানদিকে কেবল কর্পোরেশনের সাদা ফ্যাক্টরিবিল্ডিং আর প্রশস্ত প্রান্তর নিজের অস্তিত্ব জাহির করত সগৌরবে। হাইওয়ের চারপাশ এতটাই ফাঁকা যে ওয়াডালা থেকে ৪০ নম্বর ডবলডেকার বাসে চড়ে এক ঘণ্টায় পৌঁছে যাওয়া যেত বোরিভালী। আমাদের আশানগরের বিল্ডিঙের ছাদ থেকে গোরেগাঁও গোকুলধামের তিনটি অর্ধনির্মিত ভুতুড়ে বাড়ি দেখা যেত। অনেকদিন পরে অনেক আইনি বাধাবিপত্তি কাটিয়ে সেই তিনটে বিল্ডিং মেঘমল্লার রাগ নামে প্রাণ প্রতিষ্ঠা পায়।

একবার আশানগরের বাড়ীর ছাদে পায়চারি করতে করতে মাথায় এল , আচ্ছা, এর পরের মিটিঙটা এখানে করলে কেমন হয় ? যেমন ভাবনা তেমন কাজ। তখনকার সম্পাদক ছিলেন শুভাশীষ কাঞ্জিলাল (1977 Mech) । ওনাকে ফোন করে জানাতে খুব উৎসাহ প্রদান করলেন। আমি এবং আমার রুমমেট অভিজিত (অভিজিত ভট্টাচার্য, 1991 Chem) মিটিঙের আয়োজনে লেগে পড়লাম। সাততলা বিল্ডিঙের একতলায় আমাদের ছিল এক বেডরুমের ছোট্ট আস্তানা। ভিতরের ঘরে দুটো ক্যাম্পখাট, রান্নাঘরে কিছু তৈজসপত্র ছাড়া আসবাবপত্র কিছুই ছিল না। সবার বসার জায়গা কোথায় করা যায় ? বেশ চমৎকার মীনা করা প্রশস্থ ছাদে ফরাস বিছিয়ে খোলা আকাশের নীচে তার ব্যাবস্থা হল। মিটিঙ চলাকালীন চা-সিঙ্গারা আসার বন্দোবস্ত হল নীচ থেকে। মিটিঙের শেষে একটু খাওয়াদাওয়ার আয়োজনও করা হল। খুব সম্ভবত মেনু এইরকম ছিল , লুচি, আলুর দম, বাসমতীর সাদা ভাত আর চিকেন। দুই বন্ধু মিলে দুপুরের পর থেকে রান্নাবান্না শেষ করলাম আর লুচির ময়দা মাখা রইল গরম গরম ভাজার অপেক্ষায়।

ঝলমলে বৈশাখী বিকেলে এক এক করে সবার আসা শুরু হল। যতদূর মনে পড়ে ২০-২২ জনের সমাবেশ হয়েছিল। সুপ্রিয়দার সাথে অ্যাঞ্জেলা বৌদি এসে খুব খুশী।আহা,বাড়ীর পোষা কুকুরটাকে এখানে আনতে পারলে খাসা খেলে বেড়াত !বেশ খোলামেলা পরিবেশ দেখে বউদিরা আশপাশ পর্যবেক্ষণে নির্গত হলেন। গোলমাল বাঁধল তার পর। মিটিং শেষ হওয়ার পর এতজন লোকের প্রায় শ'খানেক গরম গরম লুচি ভাজা

সহজ নয়। অ্যাঞ্জেলা বৌদির নেতৃত্বে আরও তিন বৌদি এগিয়ে এলেন। কাকতালীয় ব্যাপার তাদের নামে , অমিতা, নমিতা, সুমিতা। শুধুই ''তা''। অপরিসর রান্নাঘরে শুরু হল ''তা-তা'' দের থৈ থৈ নাচ। কেউ বেলছে, কেউ ভাজছে, কেউ বা ঘাম মুছেই ক্লান্ত। আর আমাদের উপর মৃদু সম্ভাষণ বর্ষিত হতে লাগল এমন বিপাকে ফেলার জন্য।

আমাদের তা বয়েই গেছে। পাতে লুচি আসছে, তাতেই সবাই ফুরফুরে, একেবারে মম চিত্তে নিতি নৃত্যে।

ইশস, রবিঠাকুর যদি থাকতেন !!

৪। গানে ভুবন

সেবার বান্দ্রায় কুণালদার (কুণাল সেনগুপ্ত 1976 Chem) বাড়িতে কার্যনির্বাহী সভায় আলোচনার প্রস্তাব উঠলো একটা সাংস্কৃতিক অনুষ্ঠান করার জন্য। এই মিটিংটা পরিচালনা করছিলেন সুপ্রিয়দা। সবাই যে যার মত প্রকাশ করছিল। সেটা ১৯৯২ সাল। তখন সত্যজিৎ রায় সদ্যপ্রয়াত হয়েছেন। আমি বলেছিলাম অনুপ ঘোষালকে নিয়ে একটা গানের অনুষ্ঠান করার কথা। অনুপ ঘোষাল সত্যজিৎ রায়ের অধিকাংশ ছবির সাথে যুক্ত ছিলেন। এই অনুষ্ঠান করলে সত্যজিৎ রায়ের স্মৃতিতর্পণ করা হবে আবার গানের অনুষ্ঠানও হবে। সুপ্রিয়দা খুব মনোযোগ দিয়ে আমার কথাটা শুনলেন। তারপর বললেন ঠিক আছে, অনুপ ঘোষালের সাথে যোগাযোগের চেষ্টা করে দ্যাখ। আমার খুব ভালো লাগলো যে আমাদের মত নবীনদের খুব উৎসাহ দিলেন সুপ্রিয়দা।

এক সপ্তাহের মধ্যেই আমি ছুটিতে কলকাতা যাচ্ছিলাম এবং আমার এক পাড়াতুতো বন্ধুরএকটা ক্ষীণ যোগাযোগ ছিল এই ব্যাপারে।

কলকাতায় নির্দিষ্ট দিনে গড়িয়াহাটের কাছে জয়জয়ন্তী বিল্ডিংয়ে আমি এবং আমার সেই পাড়াতুতো বন্ধু চলে গেলাম অনুপ ঘোষালের ফ্ল্যাটে। তিনি তখন বাড়িতে ছিলেন এবং খুব সম্ভবত অন্যকাজে ব্যস্ত ছিলেন না।তাই আমাদের ডাক পড়ল তার বসার ঘরে। আমরা ওনার সাথে আলোচনা করলাম এবং উনি আমাদের প্রস্তাব শুনে খুব খুশি হলেন। বললেন , ''দেখ সত্যজিৎ রায় এমনই একজন ব্যক্তি যার জন্য আমি সবকিছু দিতে রাজি আছি। আমি বিনা পারিশ্রমিকে এই সঙ্গীতানুষ্ঠান করব। শুধু আমার যাতায়াত আর আনুষঙ্গিক শিল্পীদের জন্য কিছু তোমরা বন্দোবস্ত করে দিও''।

আমরা খুশী মনে রাজী হয়ে ফিরে এলাম। মুম্বাই এসেই সঙ্গেসঙ্গে জানালাম তখনকার কমিটিকে। সুপ্রিয়দা ব্যাপারটার অগ্রসরে খুব খুশি হলেন এবং পরবর্তীতে দিলীপদাকে (দিলীপ মুখার্জী,1970 E)বললেন যে যোগাযোগ করে সব ব্যবস্থা পাকা করতে। দিলীপদা তখন কেবল কর্পোরেশনে চাকরি করতেন এবং প্রায়ই অফিসের ট্যুরে কলকাতা যেতেন। দিলীপদা অনুপ ঘোষালের বাড়ি গিয়ে এবং কথা বলে সব একদম পাকাপাকি করলেন। আমরা প্রভাদেবীতে রবীন্দ্র নাট্যমন্দির বুক করে ফেললাম। ভাবলে অবাক লাগে যে সেই সময় রবীন্দ্র নাট্যমন্দিরের ভাড়া ছিল ১০০০ টাকা মাত্র।

অভূতপূর্ব এক অনুষ্ঠান হয়েছিল। হল প্রায় ভর্তি ছিল। যত লোক ছিল, তার অধিকাংশ সাধারণ জনতা। অনুষ্ঠান হয়েছিল বৈঠকি আঙ্গিকে। মাঝেমাঝে সত্যজিত রায়ের সম্পর্কে কিছু গল্প আর তারপর গান- এই নিয়ে অনুপ ঘোষাল আসর জমিয়ে মাত করে দিয়েছিলেন।পরের

রবিবার Sunday Times পত্রিকায় আধপাতা জুড়ে তার প্রতিবেদন প্রকাশিত হয়েছিল।সেই সাংস্কৃতিক সন্ধ্যা আমাদের সবার স্মৃতিতে আজও উজ্জ্বল হয়ে আছে। খুব আফসোস হয় সেই অনুষ্ঠানের কোন ভিডিও রেকর্ড আমরা রাখি নি। তার পরে আরও অনেক অনুষ্ঠান আমরা করেছি। কয়েকটি মনে করে লেখার চেষ্টা করলাম।

- ২০০১ , গজল সন্ধ্যা, জগজিৎ সিং
- ২০০২ , গুঞ্জন অর্কেস্ট্রা
- ২০০৪ , পণ্ডিত হরিপ্রসাদ চৌরাশিয়া ও পণ্ডিত অজয় চক্রবর্তী
- ২০০৬ , রূপকুমার আর সোনালী রাথড়
- ২০০৮ , বাংলা ব্যান্ড কায়াদ
- ২০১০, ওস্তাদ রশিদ খান
- ২০১২ , কৌশিকী চক্রবর্তী এবং অয়ন আলি খান
- ২০১৫- শিলা মেহতা (কত্থক) আর দেবাঞ্জন ভট্টাচার্য (সরোদ)

৫। পিকনিক

বিশ্ববিদ্যালয়ের উন্নতিসাধন,ভ্রাতৃত্ববন্ধন আর শিক্ষা পরিকাঠামোর বিস্তার - এই তিনটে হল প্রাক্তনী সংসদের মুখ্য উদ্দেশ্য। প্রতিবছর আমাদের আঙিনায় যত অনুষ্ঠান হয়, এই তিনটে উদ্দেশ্যকে ঘিরে তা আবর্তিত হয়। বিজয়া সম্মিলনী আর বাৎসরিক পিকনিক তাই নিঃসন্দেহে যদুবংশের সাড়া জাগানো দুটি অনুষ্ঠান। বিজয়া সম্মিলনীর মাধ্যমে প্রাক্তনীদের সাথে আমার পরিচয়। এবার বলি পিকনিকের কথা।

৩০ বছর আগে মুম্বাই শহরতলীর আশেপাশে ডিসেম্বরের শেষ কিংবা জানুয়ারির শুরুতে অল্পবিস্তর ঠান্ডা পড়ত বৈকি। শিরশিরে হাওয়ার মধ্যে পরিযায়ী পাখিরা যেমন সুদূর থেকে উড়ে আসে, আমরাও তেমনি জড়ো হতাম পিকনিকের আসরে। সময় এবং যাতায়াতের অসুবিধায় যেসব প্রাক্তনী নিয়মিত আসতে পারতেন না, তাদের মধ্যে প্রায় অনেকেই এসে হাজির হতেন পিকনিকে। আসলে, বছরের এই অনুষ্ঠানের জন্য তারা যেন মুখিয়ে থাকতেন। বার্ষিক পিকনিকের নিরবচ্ছিন্ন ধারাটা কোথায় যেন হোঁচট খেয়ে করোনার কামড়ে ২০২১শে সাময়িক বন্ধ হল। আসছে বছর আবার হবে।

শহরতলীর কাছেপিঠে কত যে জায়গায় আমরা গেছি তা ভাবলে এখন অবাক লাগে! সে সব জায়গা এখন আর জনসাধারণের জন্য মুক্ত নয়। যেমন বোরিভালি ন্যাশনাল পার্কের বনবাংলো, গোরেগাঁও আরে মিল্ক কলোনির গেস্ট হাউস, ঘোড়বন্দর রোডের ছেনা নদীর কাছে ব্যক্তিগত এস্টেট,কিংবা পানভেল এর আশেপাশে কোন ফার্ম হাউস। আর তাছাড়া থানের এউর হিল, গোরাই, মাড আইল্যান্ড-এর ছোট-বড় অনেক রকম পিকনিক স্পট তো ছিলই। অবশ্য এসব জায়গার বেশ কিছু ব্যক্তিগত বাংলো ভাঙা-গড়ার মধ্যে দিয়ে এখনও টিকে আছে।

প্রাক্তনী সংসদের যে কোন অনুষ্ঠানের মধ্যে পিকনিকই ছিল (এখনও) সবথেকে বেশি জনসমাগমপূর্ণ। তিন দশক আগে ১২৫-১৫০ লোক বাঁধাধরা ছিল। ইদানীং কালে সেটা কমতে কমতে ৮০-১০০ কাছাছাছি। এর মধ্যে একবারই (খুব সম্ভবত ১৯৯৫ সাল) মাড আইল্যান্ডের একটি বাংলোতে প্রায় ১৮০ জন লোক হয়েছিল। এত লোক চলে আসায় আমাদের উড়ে রাঁধুনি গয়াধরের সমস্ত পাটিগণিত হল ফেল। আমরা কয়েকজন মিলে একটু দূরে গিয়ে মুরগির দোকান থেকে

কিলো পাঁচেক মুরগি কাটিয়ে আনার পর শেষ ব্যাচের রান্না হয়েছিল। শুধুমাত্র জিরে,আদা,লঙ্কা আর রসুনবাটা দিয়ে সেই গরম গরম চিকেনের ঝোল খেতে হয়েছিল স্বর্গীয়। শেষ ব্যাচে আমরা কয়েকজন যখন খাচ্ছি তখন তিনটে বেজে গেছে এবং হাউজি খেলা আরম্ভ হয়ে গেছে। আমার এখনও মনে আছে, আমাদের এক প্রাক্তনী দাদা সুদীপ্ত বন্দ্যোপাধ্যায় (1970 Chem) সেই ঝোল খেয়ে গোল গোল চোখ করে এমন সশব্দ তৃপ্তির ঢেকুর তুলেছিলেন যে তৃপ্তিবৌদির হাউজি খেলার নম্বর মেলানো সাময়িকভাবে গোলমাল হয়ে গিয়েছিল। সে এক রসাল বাবু-বিবি আখ্যান।

পিকনিকে সবাই একসাথে বাসে করে যাওয়ার মজাই আলাদা। সে ট্র্যাডিশান এখনও আছে। তবে ইদানিংকালে বহু সদস্য গাড়ী নিয়েও সরাসরি স্পটে পৌঁছে যান। তিন দশক আগে সবাই বাসে আসতেন। এক-দেড় মাস আগে থাকতে ডাক মারফৎ পিকনিকের নির্দেশাবলী এবং বাসরুট পৌঁছাত। সদস্যরা ফোন করে জানাতেন কে কোন স্টপে অপেক্ষা করবেন। কিন্তু বাস চিনবেন কি করে? তাই বাসের সামনে আমাদের ব্যানার লাগান থাকত। তখন মোবাইলের যুগ আসেনি, তাই নির্দিষ্ট স্টপে কেউ না পৌঁছালে বাস নিয়ে কিছুক্ষণ অপেক্ষা ছাড়া গত্যন্তর ছিল না। একবার একটি বাসের ক্যাপ্টেন ছিলেন শ্যামাপ্রসাদ রায়। শ্যামাদার সময়ানুবর্তীতা সর্বজনবিদিত। আমার হিসাব মত আজ পর্যন্ত যত অনুষ্ঠানে শ্যামাদা অংশগ্রহন করেছে, সেগুলোতে পৌঁছানর নিরিখে সবেতেই শ্যামাদা প্রথমের দিকে। সেবার শ্যামাদা বাসের সময়সারনী অনুযায়ী, কোথাও না দাঁড়িয়ে, বাস চালিত করলেন। তাতে বহু জনতা বাস মিস করেছিল। কেউ কেউ অনেক দেরীতে এবং ব্যাক্তিগত উদ্যোগে পিকনিক স্পটে এসেছিল। রবিবারের এমন আয়েসি সকালে সে কি বিভ্রাট !!! পরবর্তী ২-৩ বছর কিছু সদস্য ক্রমাগত জিজ্ঞাসা করে বাসের ক্যপ্টেন কে তার খোঁজ নিত। পাছে বাস মিস হয়ে যায়!!

তবে বাস বিভ্রাটের চরম কাহিনী হয়েছিল ৯০ এর দশকেই। সেবার আমরা থানের এউর হিলে গিয়েছিলাম। এউর হিল সেকালে ছিল একেবারে নির্জন বনপদ। ঘন জঙ্গলে ঢাকা গা ছমছমে জায়গা। পিকনিক স্পটটাও ছিল চমৎকার। শাল পলাশের বনে ঘেরা সুন্দর একটা ঘাসের লন, আর ছিল কিছু দূরে এক বটগাছেরবিশাল বাঁধান বেদি। একপাশে একটা ছিমছাম বাংলো। তার কিছুটা আমরা ব্যবহার করেছিলাম আর বাকিটায় বাংলোর মালিক মিঃ ঘোষ অবস্থান করছিলেন। ওনার Royal Challenge নামে গোরেগাঁও ও থানেতে দুটি রেস্টুরেন্ট ছিল।

দিলীপদার (দিলীপ মুখার্জী,1970 E) উদাত্ত কণ্ঠে রবীন্দ্রসঙ্গীত,দারুণ খাওয়াদাওয়া ও আড্ডার শেষে সবাই যখন বাসের দিকে গেলাম, তখন আর ড্রাইভারের দেখা নেই। অনেক তত্বতলাশ করে জানা গেল বাসের ড্রাইভার সেখানে আসার অব্যবহিত পরে স্থানীয় আদিবাসীদের থেকে জানতে পারে যে ঐ জায়গায় দিনেদুপুরে চিতাবাঘ হানা মারে। বাঘের ভয়ে বাস ছেড়ে সে দিয়েছিল সোজা চম্পট। এখন কি উপায়!!

এদিকে পিছনের পাহাড়ের কোলে সূর্য প্রায় অস্তগামী , যেখানে বাঘের ভয়, সেখানে সন্ধ্যা হয়।এ বাজারে বৌদি মহলে চাপা গুঞ্জন উঠল চিতার সম্ভাব্য তাণ্ডব নিয়ে। শরৎচন্দ্রের মেজদা হয়ে দেখা দিলেন শৈলেনদা (ডঃ শৈলেন ঘোষ, 1972 FTBE)। সেবার পিকনিকের আয়োজক ছিলেন অশোক অধিকারী (1970 E)। অলিখিতভাবে অশোকদার উপর চাপ আসতে শুরু করল। সমবেত প্রচেষ্টায় একটা উপায় পাওয়া গেল। স্থানীয় খামারবাড়ি থেকে একটা খালি মুরগির গাড়ি পাহাড়ের নীচে নামছিল। সেই গাড়ির চালকের সাথে রফা হল যে সে আমাদের মুলুন্ড চেকনাকা পর্যন্ত পৌঁছে দেবে। যদুবংশের মুরগীর দল একে অপরকে ধরে দাঁড়িয়ে সেই কুক্কুটবিষ্ঠাময় গাড়িতে যাত্রা শুরু করল। পাহাড়ের ঢালে গাড়ি এদিক-ওদিক হেলে, আর আমরাও নিজেদের শক্ত করে ধরে থাকি , “united

we stand"।

আরেকবারের কথা। খুব সম্ভবত ২০০৩ সাল। গোড়াই বীচের সেবারের পিকনিকের আয়োজক ছিলাম আমি আর রুদ্র (রুদ্রনাথ ব্যানার্জী, 1993 Civil)। পিকনিকে ব্যাকরণবিহীত দুটি আইটেমের সমাবেশ ছিল - মাটির গেলাসে রাম আর উচ্ছে ভাজা। এই উদ্ভট খাদ্য-পানীয়র কথা শুনে 99% জনতা নাক শিটকিয়ে ''প্যাক'' দিল সকাল সকাল। ''খাই-খাই'' করা এক দাদা বাসে বিতরণ করা ডিমসেদ্ধর বেঁচে যাওয়া প্যাকেটগুলো একত্রিত করে রাখতে লাগলেন। পাছে লাঞ্চে যদি কিছু না পাওয়া যায়। দু-তিন জন সিনিয়র প্রাক্তনী আমাদের হতোদ্যম অবস্থা থেকে বাঁচাতে মাটির গ্লাস হাতে নিলেন। গন্ধরাজ লেবুর সৌরভ, মাটির পাত্রের শীতলতা আর Old Monké-এর স্বাদ- রীতিমত আকর্ষিত করে তুলল তাদের। তারপর ইতিহাস। একে একে অনেকে যোগদান করল। পাঁড় হুইস্কিপ্রেমিকরা যব ছেড়ে ইক্ষুদলে মিলিয়ে গেল। এদিকে আরেক বিপদ !!

অদূরে ক্যাটারার ভাই শুদ্ধ দেশী ঘিয়ে ভাজা আরম্ভ করল উচ্ছে। ভাজামশলা সহযোগে কলাপাতায় করে সেই উচ্ছে বিতরণ করবার জন্যে একটি কর্মচারী যতবার আসার চেষ্টা করতে লাগল, ততবার তাকে মহিলামহল ঘিরে ধরল। মুহূর্তের মধ্যে কলাপাতা শূন্য। অন্তিমকালে উচ্ছিষ্ট কিছু আমাদের দিকে এসেছিল বটে, কিন্তু তা একেবারেই অপ্রতুল। সেই আক্ষেপ অনেকের মধ্যে আজও রয়ে গেছে , ''আহা, কি খাইলাম! জন্মজন্মান্তরেও ভুলিব না''।

পিকনিকে নিজেদের রান্না করা ব্যাপারটা ঘুরে ফিরে এসেছে। ৭০-৮০ র দশকে কয়েকবার তা হয়েছে। আমি তো আর স্বচক্ষে দেখিনি, তবে মানবদার (মানবেন্দ্র নাথ সাহা, 1974 IEE) থেকে শুনেছি যে এসবের নেতা ছিলেন গঙ্গাদা (জি এন ঘোষ , 1952 M)। কিন্তু ১০০ লোকের পূর্ণাঙ্গ মেনু রান্না করা চাট্টিখানি কথা নয়। সকাল সাড়ে ন' টায়লুচি - তরকারী -চা, বেলা বারোটায় হালকা ভাজাভুজি, দুপুর দেড়টায় কমপক্ষে চার-পাঁচ পদের ভোজন (না হলে বঙ্গসন্তানদের মুখ ভার), আবার বিকেল চারটেতে চা। এর মধ্যে একমাত্র মিষ্টিটাই কেনা আইটেম। আসল বনভোজনের ঝক্কি পোয়াতে গেলে বেশ ভাল রকম পরিকল্পনা, নিখুঁত সরবরাহ ব্যবস্থা আর উৎসাহী ৩-৪ জনের পাচকদল চাই। আর চাই বাসনপত্রের সুষ্ঠু ব্যবস্থা। দুর্গাপুজোর ভোগের কিছু দায়িত্ব পালন করে, ব্যাপারটার মাত্রা সম্পর্কে আমার একটা ভালরকম ধারণা ছিল।পুরনো গল্পে উদ্বুদ্ধ হয়ে ২০১০ সালে আমরা নিজেরা রান্না করার সিদ্ধান্ত নিই। ভিরারের বজ্রেশ্বরী রোডে জঙ্গলঘেরা রোহিণী কৃষি পর্যটন ছিল আমাদের গন্তব্যস্থান। জায়গাটা দেখে আমাদের মন ভরে গেল। যা যা দরকার, তা সবকিছু আছে - সুন্দর ঘাসে ঢাকা পাহাড়ি মাঠ, কমপক্ষে ১২০ জনের বসার আচ্ছাদন, দুটো পরিষ্কার টয়লেট,মহীরুহশীতল বাগান, বাসনপত্র, গ্যাস, আলাদা রান্নার জায়গা, সাফসাফাইয়ের লোক এমনকি কাঠকয়লা জ্বালানোর একটা উনুন পর্যন্ত। কাছাকাছি কারাঞ্জন গ্রামের বাজারে একটি মাংসর দোকানও পাওয়া গেল।

পাচকের দলে মানবদা, আমি আর মেঘদুত (মেঘদুত মান্না, 1998 IEE) সমবেতভাবে তৈরী। ইঞ্জিনীয়ারদের কাজ চালু হল Bill of Material বানানোর মাধ্যমে। সেই এক্সেল টেবিলটা আজও রেফারেন্স হিসাবে ব্যবহৃত হয়। আগের দিন বিকেলে সমস্ত মুদি-মসলা আর সবজি কিনে রেখে এলাম আর মাংসওয়ালাকে দিয়ে এলাম ১২ কিলোর কিছু অগ্রিম। আমরা বানিয়েছিলাম , লুচি, আলু-কালোজিরের তরকারী, চিকেন কাবাব, ভাত, ডাল, আলু ফুলকপির তরকারী, কাতলা মাছ,মাংস, চাটনি (রসগোল্লা কেনা হয়েছিল)। আর একটি স্পেশাল আইটেম হয়েছিল, যা বাজিমাত করে দিয়েছিল। সেটা ছিল ছ্যাঁচড়া। কাতলা মাছের মাথাগুলো কি করা যায় ভাবছিলাম। হঠাৎ মনে পড়ল পাশের ক্ষেতের টাটকা মূলো আর বেগুন তুলে আনলে কেমন হয়? ফার্মহাউসের মালিককে অনুরোধ করাতে উনি সম্মতি দিলেন। ব্যাস, তৈরী হয়ে গেল রসনাজয়ী স্মৃতিকথা।

এই পদটি এতই জনপ্রিয় হয়েছিল যে পরবর্তী ৪-৫টা স্বপাকের পিকনিকের সবকটাতেই আমি ছ্যাঁচড়া তৈরী করেছিলাম।

মুম্বাই শহরতলীর আশেপাশে যত পিকনিকস্থল আছে তাদেরকে তিনটি ভাগে ভাগ করা যায়। প্রথমত যে স্থানগুলোর কথা বলব তাদেরকে "day restaurant model" হিসেবে অভিহিত করা যেতে পারে। মানে, তাদের থেকে খাবার নিতে হবে। দ্বিতীয় শ্রেনীর জায়গাগুলোতে নিজেদের পছন্দমত ক্যাটারার নিয়ে যাওয়া যায়। জায়গার মালিক জল ও রান্নার জায়গার ব্যাবস্থা করে থাকে। আমাদের বেশিরভাগ পিকনিক এই ধরণের জায়গাতেই হয়েছে। আর তৃতীয় শ্রেণীর জায়গাগুলো একটু বিরল। এখানে পিকনিকের ময়দান ছাড়াও দেদার বাসনপত্র এবং কাজের লোক পাওয়া যায়। নিজেদের রান্না করে চড়ুইভাতি করতে গেলে একমাত্র এই তৃতীয় শ্রেনীর জায়গাগুলোই দরকার। অবাক কাণ্ড এই যে তৃতীয় শ্রেনীর জায়গাগুলো সব বজ্রেশ্বরী রোডে অবস্থিত। আমার ধারণা এখানে উস্রপ্রস্রবণ এবং বেশকিছু জৈন ও হিন্দু মন্দিরে বহুদূর থেকে লোকজনের সমাগম হয়। তারা দলবদ্ধভাবে বাস নিয়ে আসে এবং এক-দুই রাত্র অতিবাহিত করে। সেই জন্যই সতৈজস পরিকাঠামো গড়ে উঠেছে। আমরা ২০১৫ সালে মুম্বাপ্পা ফার্ম হাউসে এবং ২০১৮ সালে প্রজক্তা ফার্ম হাউসে খুব মজাদার চড়ুইভাতি করেছিলাম। কম্যান্ডার জানার (1965 Msc) এবং সুব্রত গুপ্তর (1980 Civil) হাতে তৈরী মুরগির এসো, আহা-রে কাবাব মুখে লেগে আছে।

সারাদিনের পিকনিক ছাড়াও আমরা ৩-৪ বার বোট পিকনিকের আয়োজন করেছিলাম বিগত তিন দশকে। ১৯৯৪ সালের ১৮ই ডিসেম্বর ছিল পূর্ণিমার দিন।বিকেল বিকেল ক্যাটামেরানে চেপে প্রথমবারের জন্য গেটওয়ে অফ ইন্ডিয়া থেকে ঘন্টাতিনেকের ভ্রমণ করেছিলাম আমরা। সাথে খাওয়াদাওয়া ছিল আকর্ষণীয়। ২০০০ এবং ২০০৩ সালে আবার আমরা জলযাত্রা করি।২০০৮এ তাজ হোটেল আক্রমণের পর থেকে নৌবাহিনী নানারকম জলশাসন ব্যবস্থা চালু করে। ফলে, ক্যাটারার এবং গ্যাস সিলিন্ডার নিয়ে ক্যাটামেরানে চাপা ইদানিংকালে প্রায় অসম্ভব ব্যাপার হয়ে দাঁড়ায়। ২০০৯ সালে শেষ বোট পিকনিক আমাদের হয়েছিল।

৬। প্রথম সেমিনারের অভিজ্ঞতা

অনুশক্তিনগরের BARC অডিটোরিয়াম কিম্বা মাতুঙ্গায় UDCT অডিটোরিয়ামে কিছু ছোটখাটো কারিগরী

আলোচনাচক্র হয়েছে মাঝেমধ্যে। কিন্তু আমরা পরিকল্পনা করছিলাম আরও বড় পরিসরে কিছু একটা করা। ১৯৯৬ সালে আমরা লেগে পড়লাম সেই কাজে। সান্তাক্রুজ বিমান বন্দরের কাছে হোটেল অতিথি বুক করা হল। সেমিনারের বিষয়, Computer networking। সেই সময়ে দাঁড়িয়ে সেমিনারের বিষয়বস্তু ছিল খুব অভিনব এবং ভবিষ্যৎমুখী। ভারতের ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলো সবেমাত্র কম্পুটারের ব্যবহার আরম্ভ করেছে, internet শব্দটা প্রায় অজানা আর ল্যপ্টপ, মোবাইল ফোন তখন ল্যাবরেটরীর আঁতুড়ঘরে। তাই networking নিয়ে আলোচনা ছিল স্বপ্নের মত। কিশোরদার যোগাযোগে Microsoft একটা ছোট স্টল দিয়ে Windows software আর

networking বোঝানোর বন্দোবস্ত করেছিল। আই আই টি থেকে প্রফেসর ডি বি ফাটক এবং শরতচন্দ্রন এমন মনোজ্ঞ বক্তৃতা দিলেন যে মন ভরে গিয়েছিল।

একটা বড় সেমিনার আয়োজন করা মানে হাজার কাজ। সুপ্রিয়দার নেতৃত্বে এবং অশোকদা ও কিশোরদার (কিশোর কাঞ্জিলাল, 1973 ETCE) সহায়তায় আমাদের শিক্ষানবীশি চলতে লাগল। সেমিনারের কাজকে আমরা পাঁচটা মুখ্য ভাগে ভাগ করে ফেললাম-

১) বক্তাদের সাথে যোগাযোগ করা এবং বিষয় অনুযায়ী অনুষ্ঠানসূচী ঠিক করা। এই কাজটা অত্যন্ত দুরূহ। প্রতিমুহূর্তে পরিবর্তনশীল সেই তালিকা। প্রতিটা বক্তার সঠিক নাম, পদ এবং বায়োডাটা সংগ্রহ করা এবং সেটা AANCEB প্রকাশনা সম্পাদকের কাছে সময়মত পৌঁছে দেওয়া ছিল বেশ শক্ত কাজ। তাছাড়াও বক্তাদের আসা-যাওয়ার গাড়ির ব্যবস্থা করা ইত্যাদি ছিল আনুষঙ্গিক কাজ।

২) সম্ভাব্য অংশগ্রহণকারী সদস্যদের সাথে ক্রমাগত যোগাযোগ সাধন করা। এই কাজটা অপেক্ষাকৃত সহজ। কারন , এই তালিকা ''নামকেন্দ্রিক'' হলেও খানিকটা ''জন কেন্দ্রিক''। মানে , কতজন আসবে তার সঠিক হিসেব হোটেলে দিলেই লাঞ্চ এবং বসার ব্যবস্থাপনা হয়ে যাবে।

৩) সম্ভাব্য অর্থনৈতিক পৃষ্ঠপোষকদের (sponsor) সাথে সন্ধিসেতু গড়ে তোলা। এটা বেশ গুরুত্বপূর্ণ কাজ এবং সেমিনারের অর্থকরী দিকটা এর উপর পুরোপুরি নির্ভরশীল।

৪) আমাদের প্রকাশনা AANCEB তৈরি করা।

৫) অন্যান্য কাজ , যেমন বক্তাদের জন্য ''স্মারক-ফলক'' তৈরী করানো, অতিথিদের জন্য কাগজ-কলম ও নামের কার্ড সংগ্রহ করা, সেমিনার হলের শব্দযন্ত্রাদির ব্যবস্থা দেখা, ইত্যাদি।

তিননম্বর কাজটির জন্য চাই ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলোর সাথে উচ্চমার্গের পরিচিতি। শ্রী রজত দাশগুপ্ত (1959 Mech) ছিলেন দিল্লি প্রাক্তনী সংসদের সভাপতি। উনি কয়েকমাস হল মুম্বাইতে এসেছেন Chemtex বলে একটি সংস্থার কর্ণধার হিসেবে। সুপ্রিয়দা ওনার সাথে যোগাযোগ করার চেষ্টা করলেন। বিভিন্ন কারনে রজতদা কয়েকমাস মুম্বাইতে বাসাবদল ইত্যাদি নিয়ে ব্যস্ত ছিলেন, তাই সেই সেমিনারে সেভাবে যোগদান করতে পারেন নি। সেমিনার খুব সাফল্যমণ্ডিত হল। আমরা দারুণ খুশি।

এর কয়েকমাস পরে সুপ্রিয়দা আমাদের ছেড়ে অমৃতলোকে যাত্রা করেন। সে এক অমোঘ দুঃখের দিন। এমন প্রাণচঞ্চল পুরুষ কি করে নীরব হয়ে গেলেন! সেদিন কান্দিভিলি চারকপের শ্মশানে মানুষের ঢল। কেবল কর্পোরেশন, মানে যে কোম্পানীতে সুপ্রিয়দা মহাপ্রবন্ধক ছিলেন, সেখান থেকে কত কর্মচারী যে এসেছিল তার হিসাব নেই। অফিসে কড়া প্রশাসকের সাথে সাথে ওনার একটা নরম মন ছিল,যার ফল বহু কর্মচারী আপদে-বিপদে পেয়েছে। রজতদাও অফিস বন্ধ করে স্মশানে এলেন। ওনার চলে যাওয়াটা মেনে নিতে পারছিলেন না।

সুপ্রিয়দা যেখানে শেষ করলেন, রজতদা সেখান থেকে শুরু করলেন। রজতদার নেতৃত্বে পরের বছর ১৯৯৭ সালে হল বিশাল সাড়াজাগানো সেমিনার Infrastructure India, – 2000। আমাদের প্রাক্তনী সংসদ এগিয়ে চলল দুর্বার গতিতে। শুরু হল ''রজত যুগ''।

৭। থাকব না আর বদ্ধ ঘরে

২০০১ এবং ২০০২ সাল আমার জীবনে খুব ঘটনাবহুল সময়। এই সময়টা আমি ছিলাম দ্বিতীয়বারের জন্য আমাদের প্রাক্তনী সংসদের সম্পাদক। এই সময়কালে তিনটে বড় অনুষ্ঠান আমরা সংগঠিত করি। এক, Inspiring Solutions নামে একটি চিন্তাপত্র প্রতিযোগিতা (Technical paper competition) । মুম্বাইয়ের বিভিন্ন কলেজের ছাত্রছাত্রীরা আর নবীন ইঞ্জিনীয়াররা এতে অংশগ্রহণ করে। তিনটি বিভাগে তাদের লিখিত মৌলিক চিন্তাপত্র প্রতিযোগিতার মাধ্যমে পুরস্কৃত হয়। দুই,মাতুঙ্গার সম্মুখানন্দ হলে জগজিৎ সিং এর একটি সাংস্কৃতিক অনুষ্ঠান। আর হয়েছিল ম্যানেজমেন্ট ডেভেলপমেন্ট প্রোগ্রাম। আমি এই তিননম্বর অনুষ্ঠান সম্পর্কে কিছু বলব।

ম্যানেজমেন্ট ডেভেলপমেন্ট প্রোগ্রাম এর কনভেনার ছিল সুব্রত গুহ (1992 Civil) । এই অনুষ্ঠানটা আমাদের প্রতিষ্ঠানে মাত্র একটিবারই আয়োজিত হয়েছে আজ পর্যন্ত। তাও আবার ২০ বছর আগে এবং লোনাভালায়। সুতরাং আমাদের সমবেত স্মৃতিতে বিস্মরণ স্বাভাবিক। এই অনুষ্ঠানের উদ্দেশ্য ছিল প্রবীণ প্রাক্তনীদের অধীত এবং অভিজ্ঞাত জ্ঞান যেন নবীন প্রাক্তনীদের মধ্যে সঞ্চার করা যায়। দেড় দিনের আবাসিক এই ট্রেনিং সুচারুরূপে প্রস্তুত করা ছিল এক দুরূহ কাজ। আজকের দিনেও বড় বড় HR Manager দের নাভিশ্বাস ওঠে। সুব্রত সে কাজটা অনায়াসে করেছিল। অবশ্য রমনীদা (Ramani Iyer–1965 ETCE), রজতদা, অশোকদা এবং বিষ্ণুদা (বিষ্ণুপদ ভট্টাচার্য , 1970 Mech) , এরা সবাই পিছনের কাঠামো তৈরির রসদ যুগিয়েছিলেন। যতদূর মনে পড়ছে, পুরো দেড় দিনের সময়সারনী ছিল এইরকম-

২৯.০৯.২০০১ বিকেলে লোনাভালায় পৌঁছে ভলিবল খেলা, Business Etiquette উপর আলোচনা, অন্তাক্ষরী, খানা-পিনা।

৩০.০৯.২০০১ ভোর ছটায় যোগব্যায়াম, উপনিষদ - গীতা ও ম্যানেজমেন্ট-এর উপর আলোচনা, ব্রেকফাস্ট-এর পর ক্লাসরুমে Leadership বিষয়ের উপর প্রবীণ প্রাক্তনীদের গভীর আলোকপাত,শেষে অতিথিবক্তা F C Kohli (Deputy Chairman – TCS and father of Indian infotech business) মহাশয়ের মনোজ্ঞ আলোচনা, মধ্যাহ্নভোজনের পর Management Games।

অনুষ্ঠান করার সূত্রপাত হয় গোরাদার (গোরা চক্রবর্তী, 1967 E) বাড়ীতে কর্মসমিতির একটি সভায়। ভারতের কর্পোরেট জগত ৯০এর দশকে outbound training এর স্বাদ পেতে শুরু করেছে। লার্সেন এন্ড টুবরো কোম্পানিতে কাজ করার সুবাদে সপ্তাহান্তের আবাসিক এই ধরণের ট্রেনিং সম্পর্কে আমার একটা ধারণা ছিল। সেই সময় আমাদের কোম্পানী লোনাভালায় নিজস্ব একটা ট্রেনিং কেন্দ্র চালু করেছিল এবং সেটা সমসময় ভর্তি থাকত না। দু-তিনটে ট্রেনিং কক্ষ, ৩০টা ঘর সমন্বিত থাকার সুন্দর ব্যবস্থা, ডাইনিং রুম, খেলার মাঠ, পাহাড়ী ঢালু জমি, ছোট্ট পাহাড়ি নালা ইত্যাদি নিয়ে এক মনোমুগ্ধকর পরিবেশ। দূরে সুখ্যাত Dukes Retreat দেখা যায়। আমি যোগাযোগ করে স্বল্প পয়সায় তার ব্যবস্থা করলাম। যতদূর মনে পড়ে, থাকা-খাওয়া (নিরামিষ) নিয়ে আমাদের মাথাপিছু ৭৫০ টাকা করে দিতে হয়েছিল। আমি আর সুব্রত এক মাস আগে গিয়ে সেখানকার ম্যানেজার মিঃ জঙ্গমের সাথে দেখা করে, টাকাপয়সা অগ্রিম দিয়ে সব পাকাপাকি করে ফেললাম। তারপর গভীর চিন্তাভাবনা চলল কি ভাবে training Module তৈরী করা যায়।

সেপ্টেম্বর মাসের শেষের দিকে তএকদিন দল বেঁধে কজনে মিলেদ আমরা প্রায় ৩২জনের প্রাক্তনী চললাম সেখানে।

বিকেলবেলা সেখানে পৌঁছে চা এবং পকোড়া দিয়ে জলযোগ সারা হল। তারপর নবীনের দল আর কিছু

প্রবীণের দল মিলে ভলিবল খেলা আরম্ভ হল। রমনীদা Middleman position-এ ভালই খেলেছিলেন। খেলার ফলাফল কি হয়েছিল এখন আমার মনে পড়ছে না, কিন্তু খেলাটা এত চমকপ্রদ হয়েছিল যে বলার নয়। পরদিন ভোরে ব্রাহ্ম-মুহূর্তে ছিল যোগব্যায়ামের আসর এবং তার অব্যবহিতপরে বিষ্ণুদা স্বল্পসময়ে এক দারুণ আলোচনা করলেন। তার বিষয়বস্তু ছিল ভারতের সনাতনী জ্ঞান ভাণ্ডারের আলোকে Modern corporate management.

F C Kohli ছিলেন স্বনামধন্য ব্যাক্তি। তাঁর উপস্থিতি আমাদের অনুষ্ঠানকে এক আলাদা মর্যাদায় পৌঁছে দিয়েছিল। মধ্যাহ্ন ভোজনের পর ছিল Management Games. অংশগ্রহণকারী নবীনরা কয়েকটি দলে বিভক্ত হয়ে নির্দিষ্ট সময়সীমার মধ্যে থারমোকল ইত্যাদির মাধ্যমে বানিয়েছিল ভুজে ভূমিকম্পে ভেঙ্গে যাওয়া আবাসনের নতুন মডেল। কে কত কম জিনিস দিয়ে কত সুন্দর মডেল বানাতে পারে , সেটাই ছিল এই দলবদ্ধ প্রতিযোগিতার খেলা।

অনুষ্ঠানের শেষ হয় এক চমৎকার প্রতীকীর মাধ্যমে। উপস্থিত ৭-৮ জন অগ্রজরা প্রথমে জ্বাললেন মোমের শিখা আর আমরা নবীনের দল তার থেকে জ্বালিয়ে নিলাম আমাদের হাতের মোমবাতি। অগ্রজদের জ্ঞানের আলো ছড়িয়ে পড়ল অনুজদের হাতে। এইভাবেই এগিয়ে চলেছে মুম্বাই-এর যদুবংশ।

উপসংহার

আরও নানারকম কত যে অনুষ্ঠান হয়েছে তার ইয়ত্তা নেই। তাদের মধ্যে উল্লেখযোগ্য হল Industrial Visit. ইদানিংকালে এই অনুষ্ঠানটা অনেকদিন হয়নি। কয়েকটা পুরনো AANCEB ঘেঁটে এইরকম একটা লিস্ট তৈরী করা গেল-

১৯৯৭ , ইন্ডিয়ান পেট্রোকেমিক্যালস (IPCL), নাগোথানে আর ব্রিটানীয়া , মাজগাঁও, মুম্বাই।

১৯৯৯ , টাটা পাওয়ার, ট্রম্বে, মুম্বাই।

২০০০- শ'ওয়ালেস স্কল ব্রিওয়ারী , ঊরাণ, মহারাষ্ট্র।

২০০২ , টাটা মোটর, পিম্পরি, পুণে।

২০০৪- রিলায়েন্স, পাতালগঙ্গা।

২০২০-২১ সাল আমাদের প্রাক্তনী সংসদের শতবার্ষিকী। হরেকরকম অনুষ্ঠানের ডালির পরিকল্পনা করা হয়েছিল। সেমিনার এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের জন্য সভাগৃহ সংরক্ষণ করে আমরা তৈরী ছিলাম। বিশ্ববিদ্যালয়ের সাথে হাতে হাত ধরে নিউ ব্লক হোস্টেলের কিছু উন্নয়ন প্রকল্পওনাওয়া হয়েছিল। কিন্তু কোরনা মহামারীর কোপে সমস্ত বাতিল করতে হল। আশাকরি আগামী বছর আবার নতুন উদ্যমে আমরা শুরু করব।

আর এদিকে আরেকটা আশাপ্রদ বিষয় হল একঝাঁক নবীন প্রাক্তনীরা এগিয়ে এসেছে এর মধ্যে। বৈদ্যুতিক মাধ্যমে কিছু সাংস্কৃতিক অনুষ্ঠান এবং সেমিনার তারা সফলভাবে পরিচালনা করেছে গত ১ বছর। ওদের সাথে থেকে আমিও রোজ নতুন কিছু শিখছি। মোমবাতি জ্বালানোর ক্রম এখন একমুখী নয়। এ ভারি আনন্দের সময়।

Reminiscence

- Nivedita Saha

Mumbai has been home since the early 1980s and has witnessed several pivotal events in our life. In 2019, due to some abrupt disruption in the family circle, we had to take the difficult decision to shift to Kolkata for a few years, if not longer. It was indeed a painful decision to leave my abode in Mumbai, where we spent more than four decades and had beautiful memories. Our life in Mumbai was quite eventful.

I miss our social circle in Mumbai. It was intricately linked with our Alumni Association and Shahana, where my daughter was a student. We had a deep-rooted bond with the younger and elderly members of the Alumni Association, cultivated over decades of our stay in Mumbai. The monthly executive committee meetings where spouses were invited used to be an excellent occasion for fun and mingling with each other. An added benefit was to savor sumptuous delicacies offered by the host. Our tiny Mumbai flat was never a deterrent for inviting members. It was always the more the merrier. The annual picnic, technical seminar, annual cultural program, and activities of Trust used to keep my husband busy, and we used to enjoy these engagements more than our professional commitments. Similarly, the activities in Shahana too used to keep us occupied throughout the year.

But I did the most I could for my country, my family, my friends, and most importantly for the coming generations. Mrs Granty and I used to go around teaching other women how to live confidently and teaching them that they too had a respectable place in the society and they too can raise their voices against unfair deeds. We taught them that we were all brothers and sisters despite our caste, gender, religion and race, and only by being together we can bring true freedom to our country. I, myself ate beside the lower caste women and I tied their hair, showing that we need not discriminate people when we can live in equality and peace. We also served the other freedom fighters with pleasure but that led us to see some of the worst situations. There were

times when people did not get food for many days and when they eventually did, they died just for overeating. It was all like living a horror movie. But the worst was when it was supposed to be the best moment in my entire life. It was when India finally got what it begged for, fight for- freedom. But it was the time of the partition too. We had to leave in one night's notice. We could only take a few things. A few gold jewelleries, some money, a piece of clothing or two, some food. We had to leave everything behind, our sacrifice, our success, our everything. We pushed through the crowd when the last glimpses of our house faded in front of our eyes, forever and ever.", Didun concluded closing the book with a thud.

"How ghastly it must have been!", I sniffed

"It's true, my dear. But this is not something we should be indignant about, it is something we should learn from. That is the purpose of history.", she explained

"Mm hmm", I agreed and with emotions I could not control anymore, I cried on her shoulder as I thought over what my Didun just told me.

Like this there are thousands of unsung heroes we have never even heard of. Like, how most of us know Bhagat Singh but a few of us remember Kartar Singh Sarabha or how George Washington is well known but a few have heard about Salem Poor. This shows that even the smallest contribution matters for everything. There is one sacrifice, one success, one contribution and one story of each person, unheard, that lies beyond the leather pages.

Painting : Ashis Manna

Stories That Inspire Me

- Sudeshna Chakraborty

It is 10am in the morning. A usual busy day at L&T. A message pops up on phone. It is my mother requesting for a call home whenever I am free. There are emergency calls from other members at home, like my 10th standard, asking if the afternoon snacks menu can be made little attractive – but Mom will write only when it is really urgent – I called back immediately. To find out that Shipra has been informed that her husband, who was briefly ill, has passed away early morning.

A working lady, like us, will appreciate the need for a support system. Early in my career when my daughter was born, my parents came and supported me – but as their base is Kolkata and they are now advancing in age, an additional support at home is a must, to report to office every morning, six days a week. So we have Shipra at home. A middle aged efficient lady from a village on the outskirts of Kolkata and she has been with us for about 15 years now. She came when my son was born and shares equal credit to bring up that excellent boy! Of all the money she has made here, most of it she sends home to fund the education of her only son, whom she wants to be a doctor. They live in a joint family so she used part of the proceeds to build a room for him, so that study remains undisturbed. Each penny of last few months was sent home for a decent new laptop, so that online classes go on smoothly. A life, dedicated to selfless sacrifice – but Shipra hopes it will give her son the boost he needs in life.

Then there is Sukeshini. She does the cleaning jobs around the house. This year has been difficult for all students but it has been more stressful for those who were in 12th standard. As luck would have it, Sukeshini's daughter appeared for her NEET this year. The girl was academically bright and again, harboured ambitions of becoming a doctor. We all know, how tough that can be. When the results are finally out, it was touch and go. Relatives suggested she try nursing – it would be difficult decision to stay at home and prepare for another year – when she made to the list of B. Pharm in one of the local colleges. What a joyous moment it was for the family! All of her savings and a part of the jewellery gone – but a happy Sukeshini comes home and says " Didi maine eh saal ka toh kar liya, jorurat pare to next year aap mujhe thora madad karna…"

Back to office, the small group I lead consists of 50% ladies at different cadres and roles, all very sincere, dedicated in their job, best part is the integrity they show. Recently one of them came with her resignation letter, reason being the in-laws who were supporting so far, want to shift. With no creches available nearby in this pandemic she was afraid she won't be able to deliver in the ongoing tight schedule project, which she was part of. I had to do a few counselling sessions, explaining the key to success of a working lady – involve others, delegate and detach from micromanaging, I could hold her back.

Recently on the occasion of Women's Day at office, we were asked to speak about inspirational examples from our career – the expectation was that we would bring examples of how people around have inspired me in the last 25 plus years & of my career. But when I reflected over it, I chose to share some real life examples of women who have and continue to inspire me. In the end, these are the ones that I could relate to.

In comparison to these real life examples, my story, a sincere student from a middle class family, where parents broke the mould and chose to support the ambition of a daughter thirty years back –the always ready-to-support team at home, Husband, daughter and son - the inspiring learning tenures, at IISC or at Engineers India Ltd – all hands on exposure in many years at L&T – the failures I faced and successes I celebrated, the Mentors who helped in the journey – the co-workers who chipped in to ensure we always shine as a team – my journey is also colourful. But these stories show the true resilience; determination and sacrifices, which make things happen and Mothers see education as a means of empowerment. Education and empowerment of women are the themes close to my heart, which is why these women's stories inspire me.



Painting : Aaliya Ganguly

The Company's Deception

- Aaliya Ganguly

It was a Tuesday evening when Landon discovered that the money was gone.

He had been working all day on a marketing pitch for the company, and all he wanted was to go home. The company had been making losses recently, and this pitch for the Netherlands was the last hope. The pitch was more than that to Landon. The company had been founded by one of his closest friends, James Wallman, and they had put their blood, sweat and tears into building it. If the pitch failed, their hopes and dreams were gone.

As Landon headed towards the lobby of the building, he passed the file room. Tired as he was, Landon used to check the file room on the 15th of every month. It was a routine, and he was not going to break it for a few forty winks. So, reluctantly, he stepped into the file room. What he saw absolutely shocked him.

There, on the floor, was a single file, labelled 'ML and Fraud'. Beneath it, written in black marker pen, were the words 'thank me later'. Cautiously, he approached the file, as if it would suddenly spring at him like a jack-in-the-box. A fraud? Who did it? Who left the file? Was it someone's idea of a practical joke?

Warily, Landon reached out to the file and opened it. Inside, he found one single piece of paper, and the more he read it, the more betrayed, hurt, and broken he felt. It was a chart, showing the company's sales. The column showed the sales regularly increasing monthly, but the profits declining with speed. How? Beneath it, someone had written in the same black marker ink, 'Where did the money go?'

The sentence, the paper, the entire file seemed to mock Landon. It was his company, yet he had been fooled. It was obviously an inside job. He did not check the sales and profits chart regularly, he should have. It was Antonio's job. Why hadn't Antonio said anything? They were, he thought, at least friends. The company had helped Antonio so much, James had even paid for Antonio's children's university fees. Or was Antonio slacking on his job? Did he carelessly look past these tiny errors that ate into the company's previously vast fortune? One thing Landon knew for sure was that he was not going home tonight.

Rushing past the entrance to the building, Landon ran to the parking lot. He was on a mission, he needed answers, and he needed them now. A part of his mind whispered thoughts of how maybe it wasn't true. Maybe the only reason he believed it because the only other option was knowing the company failed. It was easier to think that someone had rigged the game, trapped them with no way to go. But Landon knew that even if the file was fake, he would constantly be haunted by what-ifs if he did not investigate .

Standing in front of Antonio's door in the apartment complex, Landon banged on it. A startled and sleepy looking Antonio opened the door. On seeing Landon, his face of confusion turned into one of a

smile. Then looking down, he saw the file in Landon's hand. Having read the title, he seemed to not understand or believe it, and read it once again.

'ML and fraud……Landon what is this?'

'Exactly what it reads. Proof that there has been foul play.'

'And you think it was me? Landon I-'

'Calm down. I don't think it is you, but it has happened in your department. Why was it not brought to our attention? Why- What are you doing? Who are you calling?'

'James. He should know.'

'NO DON'T! James is very dear to me. He worked so hard on this company, it was always his joy and pride. It will hurt him greatly to learn that someone he trusts might have betrayed him in such a horrible manner.'

'Someone he trusted? So it was an inside job? Landon if I knew anything, you know, I would have told either of you, right?'

Landon sighed.

'Look, Antonio, I believed that before I read through the file. I trusted every single one of our employees and look how that turned out. One of them betrayed us. Right now, to me, everyone is a suspect. Even you. Even me, if that might help you understand I am not accusing you specifically.'

'I understand, Landon. I am trying to cope with this. How do you know it is not fake? The company has been doing badly these past few months.'

'Read it for yourself, Antonio.'

There was a moment of silence before Antonio reached for the file. He scanned through it, his eyes widening with fear and shock. Landon poured himself a glass of water. Suddenly, there was a ringing sound. It was Antonio's phone.

'James.' Antonio gulped. He picked up the phone.

'What happened? You called?'

Landon shook is head at Antonio, signalling him to keep quiet about the documents. He gestured to Antonio to put the phone on speaker.

'Umm nothing James! I just called to say that… um… It's a… um… beautiful night!'

'A beautiful night?! Antonio! This is not the time for it! I'm in the airport, going through the pitch! My flight boards in five minutes!'

'Where are you going?'

'Is that even a question? The pitch is for Ireland, obviously I'm going there!'

'Oh alright. Goodnight.'

He hung up. Landon gave him a grateful smile.

'Listen, James is going for the pitch. I'm really tired, can we discuss this paper in the morning?'

Landon was feeling tired to. Yes, this could wait. His mind was feeling foggy. Something seemed of but his mind did not care. He blanked out.

The next morning, Landon woke up on Antonio's couch.

'You're up!'

'Why did I pass out? What happened last night? I can't remember much…'

Antonio laughed nervously.

'Well all my water is mixed with sleeping pills, and you drank some and then promptly fell asleep. Anyway, I went through the file, and it really seems crazy and made up. Our sales were never high anyway. Come on, let's get ready for work!' Saying that, Antonio headed to the bathroom.

Landon found Antonio's behaviour highly suspicious. The files had to be right. How could they not? But who? His mind went in circles. And then, it hit him like a truck. The pitch meeting was in Netherlands. Why was James going to Ireland? Landon was working on the pitch, not James. What was happening?

The sound of a notification on Antonio's phone brought Landon out of his thoughts. There were only two notifications on Antonio's phone, and both destroyed Landon completely.

The first one was from James. 'It's done. Your kids aren't indebted to me anymore. Good work.'

And the second was from a news site. 'Police reports that founder of his own company, James Wallman, launders money from it, commits fraud and leaves the country.'



Painting : Ashis Manna

Photo Courtesy : Dilip Sengupta

4

ছড়া পদ্য, কবিতার সম্ভার

Bards of Passion

The bards sublime,
whose distant footsteps echo
Through the corridors of Time.

- Longfellow

পিছুটান

- অমর আচার্য

এইসব সুন্দব সকাল
ভাবি, তা দেখিনি কতকাল।

সবকিছু সেদিনওতো ছিল,
মাঠ ঘাট পুকুর ও হাঁস সব ছিল।
একটু তাকিয়ে দেখো তো,
আমাদের সেই গ্রাম।
সে-ই বাসে চেপে সেই দিন প্রথম গেলাম।
নেমেই অবাক চোখে দেখি ঐ দূরে,
হাঁস? নাকি বক? ডোবাটার জলে মুখ পুরে,
কী জানি কি খায়। বাবা বলে,
রাস্তা দেখে চল, নইলে পড়বি তুই জলে।
ডানদিকে দেখ মোদের আঁখের খেত।

আঁখের গাছের নীচে শুঁড়ি পথ চলে গেছে সোজা,
ওখানে লুকিয়ে থেকে লুকোচুরি খেলার কী মজা।
পাড়ার সবারে ডেকে আনি, ভাবছি দাঁড়িয়ে।
ঘোর কেটে গেলে দেখি ছবি, শুধু দেখছি তাকিয়ে।
না, না, এসব ছবি ত' নয় মোটে ,
এট্টুকু দূরে আছে, পাবই একটু গেলে ছুটে।
হয়তো তেমনি আছে মাঠ ঘাট আর ঐ জলা।
তবে বয়ে গেছে আমার এ দেহটির 'পরে সময়ের চলা।

চেনাগলি চোরাগলি

- অনিরুদ্ধ সেন

উতল ধারা বাদল রাতে ভাঙলে দুয়ার ঝড়ে
হারিয়ে যাওয়া প্রেম, তোমাকে ভীষণ মনে পড়ে।
অবন ঠাকুর বাড়ি আছো? আবার ছবি লেখো।
কথার যাদু নকশি কাঁথায় মায়ের মুখ এঁকো।
যেতেই পারি আরশিনগর, কিন্তু কেন যাব?
লক্ষ যোজন পার হলে কি ফেরার টিকিট পাব?
ফিরব বললে যায় কি ফেরা? কালের সেতু ভাঙা।
এ পার গঙ্গা, ও পার গঙ্গা, মধ্যে ভুবনডাঙা।

ওয়েভাতঙ্ক

- রীণা চক্রবর্তী

আজ আমরা আছি ওয়েভাতঙ্কে,
প্রতিটি দিন ভাবছি কী হবে ভবিষ্যতে।
করোনাকে কতদিনে করতে পারবো বাই,
সকল আত্মীয়বন্ধুগণকে আনন্দে বলবো হাই হাই।
আর কতদিন তোরা প্রথম দ্বিতীয় আর তৃতীয় ওয়েভাতঙ্ক দিবি?
আমাদের আপনজনদের তুলে নিয়ে যাবি?
শয়তান ভাইরাস, এবার যদি না পালাস,
মানুষের ভ্যাক্সিন তোদের করবে খালাস।
অনেক দিয়েছিস বিশ্বের সকল মানব জাতিকে কষ্ট,
এবার তোদের বিদায়ের ক্ষণ দেখতে পাচ্ছি স্পষ্ট।
তোদের বিনাশ করতে বিশ্বের বিজ্ঞানীরা মরিয়া ,
আবার মানবকুল শ্বাস নেবে প্রাণ ভরিয়া।
ফিরবেই বিশ্বে আনন্দের ঢেউ,
ওয়েভাতঙ্কে থাকবে না আর মানবজাতির কেউ।

Poems

- Kanika G

Chocophony

This poem was inspired by the movie Chocolat and should rightly be called Chocophony.

Chocophony

A smudge of weakness dabbed with courage,
Spots of prejudice blurred by kindness,
Blotches of anger diffused with laughter,
Paints a story in human color.

Saccharine chili bitter sour,
When these failings come together,
Their fusion creates many a flavor,
The magic of chocolate for all to savor.

There is no learning without erring,
Innocence though blemishless, is nothing,
True perfection comes from churning
A million shades of human failing.

What, Why, How?

What makes us want to live?
What is it that makes us tick?
Striving through sickness and sorrow
E'en if only for a bleaker tomorrow.

Why are we so keen to keep going,
even after life becomes harrowing?
What is the motive force,
that keeps us all on course?

Why do we want to go on?
What is it we seek to learn?
Is it our burning need to know
The shape and form of tomorrow?

When we think of death,
what is it that makes us ache?
Non being, or not knowing
what path reality will take?
Of the possibilities so many,
which ones will come to be,
and which will be discarded,
as time marches on ahead?

We are curious beings,
defined by our need to know,
be it about, how the cosmos works,
or the gossip from next door

Curiosity may have killed the cat, but it is what keeps us alive and driven.

কবিতা সংকলন

শান্তনু দাম

জীবনের মানে

জীবনের মানে আজো খুঁজে পেয়েছ কি ?
যা পেলে আজ, তাই তুমি চেয়েছ কি ?
বারে বারে কেন পৃথিবীতে ফিরে আসা ?
কেন যন্ত্রনা, আনন্দ, ভালবাসা ?
কি বা মানে রাখে ব্যাথর্তা, সাথর্কতা ,
সমাজের মাঝে হেয়তা আর শ্রেষ্ঠতা ?

সবশেষ সেই অলৌকিক শূন্যতা।
কোথা খুঁজে ফেরে মানবিক আকুলতা,
প্রিয়জন তরে আকুণ্ঠ ভালবাসা,
সারাজীবনের অপূর্ণ যতো আশা?
জীবনের মানে পাইনি আজো খুঁজে পেতে

হতে পারে লেখা বিধাতার লেখনিতে ।।

কবিত্বের উৎস সন্ধানে

পঞ্চাশোর্ধে কিসের সুবাদে আমি বললাম কবি ?
আবেগ এসেছে, আজ মনে হয় লিখে যাই রাশি রাশি ,
মেমোরির ঢিপে জমা হয়েছিল যত ঘটনার ছবি,
ভাষা পেতে চায় লেখনির কাছে প্রকাশের প্রত্যাশী ।।

আসলে জীবনের যতো অনুভূতি তা যদি ব্যক্ত হতো ,
কাব্যের ভাঁড় ভরে যেত, কবি বনে যেত শত শত।
সৃজনশীলতা সকলের মনে সতত বিরাজমান,
প্রকাশ যে করে সংস্কৃতিতে তারই থাকে অবদান ।।

পারিপাশর্রিক ঘটনা যখন মনে বেশী দাগ কাটে,
হয়ত তখনি সুপ্ত লেখনি রুদ্ধ দুয়ার খোলে।
মনের বেদনা মনের আবেগ সকলের সাথে কাটে,
জীবনের যত অনুভূতি, তখনি ফুটে ওঠে তার বোলে ।।

মানুষ যখন মানবতা ভুলে ঘটায় বিস্ফোরণ,
ভূকম্পপীড়িত বিপর্যস্ত শত মানুষের মাঝে।
অথবা লুটেরা বন্যপীড়িতের, ধন করে লুণ্ঠন,
হয়ত তখনি সুপ্ত লেখনি প্রকাশের ভাষা খোঁজে।।

সতর্ক বাণী

লোকের কথায় চলিস্ নারে
বিচার করে চল্
মনটা যাতে সায় দেবে তোর
তাকেই সঠিক বল্।
কারিগরীর উত্তরণে
দুনিয়া হাতের মুঠোয়
কেউবা কখন গুজব ছড়ায়
মিডিয়া ঢেরা পিটোয়।
কিছুবা খবর ভাইরাস হয়,
জাল খবরের ভিড়ে
আসল খবর হয়তো কোথাও
ধামা চাপাই পরে।
বিদ্বেষ বিষ কোথাও ছড়ায়
দাবানলের মতো
সমাজ বিরোধী সেই সুযোগে
আখের গোছায় যতো।
সদাই সজাগ থাকতে হবে
চোখ কান খোলা রেখে
বিশ্বাস শুধু করতে হবে
সংবাদ সূত্র দেখে।

সঙ্গিহীন

তোমরা বলো বুড়ো মানুষ
বড্ড বেশী বকে,
ভাবতে পার ওঁদের মনে
কত্তো কথা থাকে।
স্কুলের কথা, পড়ার কথা,
কলেজ কেটে মস্তি,
আড্ডা মেরে ফাণ্ডা বাড়ে,
আর বেড়ে যায় দোস্তি।
তার পরে হয় অভিজ্ঞতা,
ঘরে এবং বাইরে,
কতরকম লোক যে মেলে
তার ইয়ত্তা নাইরে।
সুখের স্মৃতি দুখের স্মৃতি
সদাই করে ভীড়,
বলার মত লোক পেতে তাই
মনটা অস্থির।
শুনতে মোটে ভাল্ লাগে না
কিন্তু জেনো ভাই,
তোমারো এদিন আসতে পারে
চুপটি শুনো তাই।

Blinded

- Paromita Das

What do you see in me when you see me?
Is it, what you want from me?
Or
Is it, what you lack in you?

What do you remember me for most?
Is it your addicted mind to shop for the same old?
Or is it a silent cry of help
To shed your blue
for a probable new you?

Are u confused & blinded by my light?
Or are you just enjoying the dark night?

Either ways
Can you leave your shoes and soul at the door ?
I don't want to be infected by your outside and engulfed with your inside

You are beautiful, no doubt, but tangible
I am merging with the intangible
We can never coincide.
Now now, I know what you are thinking !
Dont try to hate me for my pride !
Close the door. I left long back
What you think about, in white or black,
Is not me,
It is just your memory,

Whether you are my friends or my foes
You have been a part of all my shows !
You know me,
The love doesn't die,
The war doesn't end,
The mind doesn't sleep,
The heart doesn't rest.

You thrive through my experiences
And I drive through yours
In inter loop
We search for a cause.

We weave a web
We weave a web
You and I
We weave a web.

The Rhythm in Footprints

- Sayak Nandi

It was a cool winter morning,
With a sweet breeze cold.
Through the gaps between leaves,
Escapes warm sunbeams.
They light up my path,
As I walk this forest hike,
And fallen leaves rustle,
As they are crushed by my might.

I keep walking this muddy, snowy path,
I know that not many have walked
The way I wish to go,
Happy to know that I'll see
What most only dream to see.
But sure there have been people before me,
Who've braved this choice before.
The footprints in my path,
Stands witness to the fact.

These footprints tell me of songs,
Long, long forgotten in time.
I see a rhythm in the way they walked,
And before I knew,
I was living those memories
by the steps I took.
Carefully walking on the
remnants of their time
My forebears of the burden of bravery left,
I imagined their lives and stories,
And created a few of my own.
I walked, danced, and ran
Reliving as much of their journey as I can.

Few footprints diverged
Into different trails in the woods.
I felt a pain of separation,
As if it were a close relation.
I imagined Friends promising
to see other again someday,
And lovers parting to go their separate ways.
Although I know not of the human who lived,
I know of the grief they feel,
And through these emotions of grief and joy,
I come closer to the ones before me.

By and by they all left until
the last one was to bid adieu,
It walked into a road which I wished not to go.
With fear of the unknown, I moved forward
The steps I followed will guide me no more.
But I knew that the sight I wished to see,
The blissful top, a joy of conquering the world.
I moved a step, one at a time.
With fear of what might lay up the line.

And finally I look back once,
To see those feet to whom I said goodbye.
But I see them follow me,
And I then realise the mark I left.
Snow and mud on the path leaving a mark,
That on this trail I once did embark.
There will be a jolly traveller,
Who would choose bravery akin to mine,
They will try to live the lives,
Of those who walked these roads before,
They will walk on the mark I made.
These footprints are my legacy,
As they will guide ones walking this way.
They will reignite the fire,
To help someone lost in their way.

With all this my mind I walk,
Knowing that I am writing a song,
That will echo through ages after I'm long gone
And pleased that I took the frosty road not taken.

সাঁজবাতি সেঁজুতি সরকারের লেখনী থেকে

সমর্পন ...

যেদিন তোমার গন্ধ মাখি,
গন্ধরেণু মাখামাখি
শরীর জুড়ে শব্দ আঁকে
সমর্পণের তীব্র যাপন।
হাজার কথার সালতামামি
অলস দুপুর, মিথ্যে মায়া
অলীক সাজে,
স্বপ্ন সাজাই গেরস্থালির।
সারাজীবন কৃতজ্ঞতা
আর নেবো না,
কৃতজ্ঞতার ওজন এখন
বড্ড বেশি।
তারচে' বরং নুড়ি সাজাই
আকাশ জুড়ে রক্ত ফুটুক
আমায় তুমি গিলতে থাকো -
বিষাদ ছুঁয়ে জন্ম নিবি
কমলিলতা, শালুক পাতা,
দীঘল দীঘির অতল বুকে।
আমার এখন দিন যাপনের
প্রতীক্ষাতে, অপেক্ষারা,
আবার কবে গন্ধ ছোঁয়া
দুপুর থেকে সন্ধ্যে এসে
গভীর থেকে ছিনিয়ে নেবে
ধুলোবালি, বিষাদ ক্ষত
দুঃখ জমাট রক্তফোঁটা।

সাঁজবাতি

বৃষ্টিধারার মাঝে অনেক
ছোটো বড় খন্দ আছে,
যখন যেমন, তখন তেমন
ইচ্ছে মতো ইচ্ছেগুলো,
ভাসান দেওয়ার স্পর্ধা আছে।
গভীর সুরে গোপন সুখের
চোখের জলে নকশা আঁকা,
নকশীকাঁথায়; রঙিন সুতোর
হরেক রঙের জীবন জোড়া
চাওয়া পাওয়ার গল্প আছে।
বৃষ্টি শোনো, তোমার কাছে
আমার কিছু বেঁচে থাকার,
বাঁচিয়ে রাখার শর্ত আছে।

Collection of Poems

- Sharmishtha Chakraborty

In the Moment

I look into your eyes, reminding me of the waves in the ocean,
So deep and so fresh, expressing your innocence;
I feel at peace, for there is no wild, and the eyes that meet,
reached my soul, which smiled…..!

Let Go

Oh yes, I have flaws, I have trauma, I have breakdowns, I have regrets;
It walks with me like my shadow, trying to protect me from my future hurdles.
It's okay if you choose to walk alone,
'cause I'll come along with my past, sabotaging me,
making me struggle in each step;
And I can't sabotage you from taking your next step……

দুটি কবিতা

- সুমিতা ঘোষ

পৃথিবী রেগে গিয়েছ?

জানি পৃথিবী তুমি রাগ করেছ,
কত দিন ধরে যন্ত্রণায় কুঁকড়ে গিয়েছ,
আর্তনাদে মানুষকে বলতে চেয়েছ,
''আমাকে বাঁচাও'', আমার কাছে অনেক পেয়েছ।

অনেক দুঃখ দিয়েছে তোমায় মানুষ,
নিজের স্বার্থে জলাঞ্জলি দিয়েছে হুঁশ।
কেটেছে গাছপালা, বানালো ইমারতের পর ইমারত,
ভাবলো, শেষ কথা আমরা, এটাই আমার মত।

কয়েকদিন আগেও তো ছিল সমারোহ সবুজের,
রোগ-ভোগ ছিল কম, হয়ত সংখ্যা কম ছিল অবুঝের।
আজ কেন ধ্বংসের খেলায় মাতলো নির্বোধের দল?
বুঝেও যেন বোঝোনা এর কি হবে ফল।

পৃথিবী, জানি তোমার আর নেই কোনো উপায়,
সহ্যের সীমানা যখন ছাড়িয়ে যায়,
প্রতিশোধের আগুন জ্বালিয়ে দিয়েছে তুমি,
ছারখার হয়ে যাচ্ছে এই ধরণীর ভূমি।

এখনও আছে অল্প হলেও সময়,
জাগো মানুষ জাগো, ভরে দাও পৃথিবীকে ভালবাসায়।
পৃথিবী তোমাকে চায়, যত্ন করো তাকে,
তোমরা সবাই থাকবে সুখে, পৃথিবী যদি থাকে সুখে।।

বৃষ্টিভেজা সকাল

বৃষ্টি ভেজা সকাল, তুমি সুন্দর বড়ই,
মন মানে না, বলে, চল যাই,
বেড়িয়ে পরি বৃষ্টি ভিজে আসি
মনোরম এই সকালে খুশির জোয়ারে ভাসি।

মন চায়, কেয়াপাতার নৌকা গড়ি,
হেলেদুলে নৌকা চলে, আমার খুশি জারি।
অপরূপ এই বৃষ্টি স্নাত অলস সকাল,
বদলে না যায়, যেন থাকে অনন্তকাল।

বৃষ্টির সাথে বন্ধুত্ব পাতাই,
ভারি ভাব হয়, গল্প আর গান চালিয়ে যাই।
মধুর তার আওয়াজ রুমঝুম,
শুনতে শুনতে চোখ জুড়ে আসে ঘুম।

বৃষ্টি, তুমি সদা প্রাণবন্ত থাকো,
তোমার স্পর্শে ধরাকে কুশলে রাখো।
সকালের এই মোহনী রূপের সম্ভার,
বাজুক সুরে তোমার মনোবীনার তার।।

This Shall Pass Too

- Paromika Ghosh

Ribbons and pearls, flowers and swirls,

That's how the world was that day;

Just the next moment, a virus broke away.

First it was just a city, now it's the whole world;

Then, one day the world just stopped being lively!

From 15 days to 30, from 30 days to months,

Living in just our houses, a lockdown had begun.

Schools and offices, other jobs too,

One day, it all stopped, out of the blue.

Health care and social security, just these fields,

They had to go through the real deals.

Patients and their families and friends of theirs too,

All were worried, because the virus was new;

But like they say, difficult times must pass,

Life is progressing from the past;

Vaccines were discovered; treatment was too,

Cases started going down the hook;

Though new variants might have evolved, Nothing, no more shall paint us blue.

Difficult times come and go,

This shall pass too!

Photo Courtesy : Dilip Sengupta

5

Flashback : স্মৃতি বিজরিত

The bird of time has but a little way
To flutter and the bird is on its wing.

- Omar Khayyam : Rubaiyat

Unforgettable Incident In January 1964 In Dacca

- Amal Sankar Roy

It was in the second half of 1963 when I joined Engineering Studies at East Pakistan Engg University in Dacca. Kartik Saha, Basudeb Choudhury, Dipak Guha, Sushil Bhowmick, Baidyanath Basak, Subhas Roy, Achintya Chakraborty etc were with us. We were staying in New Block Hindu Hostel of Engg University at Ramna, Dacca. Terrible incidents occurred in early Jan '64 which we will remember throughout our life.

Towards the end of Dec 1963, it was alleged that hair of Prophet Mohammed was stolen from Hazratbal Mosque in Kashmir. The Govt. of Pakistan led by President Ayub Khan utilised this incident to incite Muslims & start genocide of Hindus in different districts of East Pakistan. Ayub Khan wanted to divert the attention to riots & crash the movement of Bengalis for more autonomy which was led by Shaikh Mujibar Rahman.

Riots also started in Khulna, Jessore, Mymensingh, Pabna, Rajshahi and some other places. It was learnt that at all these places, educated Bengali Muslims came forward to protect the Hindus and in the process some of them were killed. About ten thousand Hindus died in Narayanganj and Dacca. Some Muslims came forward to rescue Hindus in Dacca and the adjacent areas had to face martyrdom in the riots. A new sense of Bengaliness resurrected in the blood of Muslims and Hindus that forced them to the liberation war in 1971.

The unforgettable incident took place around mid night on 7 January , 1964. Dacca was under curfiew; media was gagged. Dead bodies of Hindus killed were pouring in the morgue of Medical College Hospital, close to our Hostel. Rioters with swords & other weapons used to come in the night in lorries, loot & kill Hindus . Our Hindu Hostel was 4 storied with one door leading to terrace. Committee of students decided to post 3 to 4 students at night on the terrace to watch any suspicious vehicle coming from the adjoining roads. Whenever danger is spotted, we would sound alarm bells loudly so that all students could rush to the terrace. We collected iron rods, bamboo pieces, bricks, stone pieces etc on the terrace so that we could fight with rioters with this arsenal. The College was closed indefinitely due to riots; scarcity of food stuff was there in the Mess. There was neither any way to move out, nor any information about our families. Some informations in the radio only we used to get.

Four of us were on duty on the terrace from 11pm on 7 Jan, 1964. This was a chilly & cold night. At around 11-45 pm, we heard loud noises & slogans from a nearby place, may be about 1.5 to 2 km away. We thought, rioters had attacked Jagannath Hall , Hindu Hostel of Dacca University & would invade our Hostel next. We sounded alarm bell loudly, students in the rooms panicked & rushed to the terrace within few minutes. Some Muslim students from nearby Hostel came & assured that they would fight to protect us. The situation was disturbing, tense & fearsome ; after about 20 to 25 minutes, it appeared that the rioters had left for some other place giving us a slip. Thank God! nothing happened but I will not forget this incident throughout my life.

It was revealed that rioters attacked cosmopolitan Women's Hostel of Dacca University & demanded surrender of Hindu girls. The students started screaming & crying. Boys from nearby Dacca Hall, Salimullah Muslim Hall etc rushed with iron rods etc & challenged; finding no success, rioters retreated to the some other unknown location.

Most of the Hindu students, specially from 1st & 2nd years thought that we would lose our life before we complete our Engg Course.

We came to Jadavpur & appealed to Dr Triguna Sen who considered our case sympathetically; this was a turning point in our career. However, the above incident will remain ever fresh in my memory.

Painting : Ashis Manna

Smaranika

- Diip Sengupta

Smaranika" is a Museum exclusively on Trams, housed inside a Tram and located near a Tram Depot (Esplanade). To visit, first you have to 'know' that such an Exhibition exists in Kolkata and, secondly, you have to be 'determined' to find out the exact location. I was knowing and also determined during my latest Mission Bengal trip. Visited on 27/11/19. As usual "Photography Not Allowed" (however, later found out they were not that 'strict'). Otherwise also, the inside is not suitable for proper photography (lighting and overall arrangements). Photos I clicked were not worth sharing but after cropping and enhancement through 'Photo' app, I think, now it can be shared. Text below copied from a site.

"Inaugurated in 2014, the Kolkata Tram Musuem, Smaranika, is a refurbished, vintage 1938 tram, whose interiors have been renovated to serve the purpose of a museum that showcases rare and interesting tram memorabilia, ranging from the early days of the mode of transportation to the present. The collection includes rare photos of old Calcutta streets, replicas of the earliest trams like horse-drawn tram cars, omnibus, flat wagon trams, watering trams and more. Other exhibits include old tram passes and coupons, coin-exchanger machine, uniforms and caps used by the conductors and various tram parts like red lamp, governor switch, pull-off springs and more. One would also find displays of newspaper cuttings and pamphlets of various festivals around the world celebrating tram journeys and posters glorifying trams of Kolkata in literature". (from 'museumsofindia site)


OMNI BUS
The Calcutta Tramways Company Limited inaugurated its experimental bus
Service in 1920 with a "Thornycroft and Company" manufactured small type
deck 25-HP bus. The service was from Park Circus to Fremont Ferry service.
Later it was discontinued in 1925 when it had a fleet strength of 17 buses.

HORSE DRAWN TRAM CAR
The Meter-gauge Horse Drawn Tram Track was laid between Sealdah to Armenian Ghat via
and S. and Road. This route with Horse Drawn
ENGLAND
1880
1

BALAKA' TRAM CAR

BOGIE A.C. TRAM CAR
Explore the flavour of Kolkata

WATERING TRAM CAR

Coin exchanger Machine

WAGON TRAM CAR

THE NATION'S BEST



Painting : Rudranath Banerjee

I Am Because You Are!

- Sharmishtha Chakraborty

1st August 2015

An unforgettable day which changed every aspect and equation in my life, the day I lost the most beautiful and adorable support, my 'Mother'. It was raining when I saw her lying down there, cold, her soul in peace reflected by the subtle smile on her face. I won't be seeing her ever again in my life, I let that thought sink into my heart which struck the realisation. Since then, it left a void in me, an emptiness, a hollow feeling of something is missing and I can't change the reality. Trying to get hold of my life which was rapidly falling apart, I empathised with my mother as I understood the struggles she went through, to keep a stability within the busy, hassled norms on a daily basis.

Stayed up most of the nights with rushing thoughts, unstoppable, unable to block them, being restless, scared, and the most disturbing feeling amongst all that there is no one to provide the sense of relief, I am all alone to face the obstacles that come along my way and I am not ashamed to say out loud that I am 'petrified'. Every day was a new adventure, exploring something I didn't think I would be able to fathom, trying to cope with the little energy and will left in me to get through the phase, but little did I know it wasn't a phase, it was what it was going to be for the rest of my life.

The day is sealed in my soul which was the turning point of my life. I changed into being emotionally strong, able to make decisions, stable, more empathetic and most importantly patient. It pushed me to grow up and be matured even when I didn't want to, even when I was telling myself I need a little longer to cherish the process of maturity, but it wasn't in my control, was it?

Your existence is an evidence of mine,
My existence is an evidence of yours,
I lived in you for 9 months and thrived,
You live in me now being all alive...

আলপনা

স্বর্গীয়া রাধারানী রায় (শ্যামাপ্রসাদ রায়ের মা)



স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী

- সুদীপ্ত বসু

উনিনশো সাতানব্বই সালের চোদ্দই অগাস্টের বিকেল। সদ্য ক্লাস ইলেভেন এর প্রথম অর্ধবার্ষিকী পরীক্ষা শেষ হয়েছে। সেদিন ছিল ইকোনমিক্স -এর পরীক্ষা। পরীক্ষা মন্দ হয়নি তার ওপর পরের দিন স্বাধীনতার স্বর্ণজয়ন্তীর ছুটি, তাই মনে একটা মুক্তি ও রোমাঞ্চের ভাব। বাড়ি ফিরে সেদিন সন্ধ্যায় গাড়ি করে সবাই মিলে বেড়াতে যাওয়া হয়েছিল। দক্ষিণ শহরতলী থেকে মধ্য কলকাতা, জনবহুল রাস্তার চারপাশ আলোয় আলো, নাগরিক ঔজ্বল্য পিছলে গিয়েছিলো গাড়ির কাচের ওপর দিয়ে।

প্রায় পঁচিশ বছর পরের কথা। সেদিনের সেই বিহ্বল কিশোর আজ নিখুঁত সংসারী। জীবনের অনেক পরীক্ষা পেরিয়ে সে সুন্দর গুছিয়ে নিয়েছে তার চারপাশ। কিন্তু অবাক কান্ড, এতো দেখেও তার সেই বিহ্বলতা যেন উত্তরোত্তর বেড়েই চলেছে। জীবন পথের দুই ধার সে প্রায় শিশুর কৌতুহলে দেখে। দেখে কেউ রিক্সা টানছে, কেউ কলা বিক্রি করছে, কেউ ঘর মুছছে, কেউ ছাত্র পড়াচ্ছে, কেউ আয়কর হিসেব করছে, কেউ পোশাক বানাচ্ছে কেউ বা সিনেমা। ছোট বড় কালো ফর্সা জাত-বেজাত সবাই মিলে মিশে একশা হয়ে ঘুরিয়ে চলেছে একটা যন্ত্র। অবিরাম, অবিশ্রান্ত, আবহমান। এই ভাবে ঘুরতে ঘুরতেই এগোচ্ছে সময়, পাল্টাচ্ছে প্রজন্ম, বদলাচ্ছে জীবন।

সৃজিত মুখার্জী রাজকাহিনী না বানালে আমি জানতেই পারতাম না জগনগমন গানটা এতো বড়। জানার পর যে পংক্তিটি আমার সবচেয়ে ভালো লাগে তা হলো ‘হে চিরসারথি, তব রথচক্রে মুখরিত পথ দিন রাত্রি’...

সময় পেলে খুব উঁচু কোনো জায়গা থেকে এই পৃথিবীটা দেখি। গান গাই।

Painting : Ashis Manna

Kolkata :The City of Joy

Photo Courtesy : Dilip Sengupta

6

পায়ের তলায় সর্ষে

Travelogues

A journey of a thousand miles begins with a simple step.

- Lao Tzu

শিলচর ভ্রমণ

- গৌতম কুমার রায়

খুব ছেলেবেলায় দূর্গাপূজোর সময় আমরা শিলচর বেড়াতে গিয়েছিলাম। আমাদের বাড়ী ছিল ডিগবয় শহরে। ডিগবয়ের নাম কে না জানে! সেটা ভারতের প্রথম তৈলখনি, শোধনাগার ইত্যাদি। ডিগবয় থেকে ট্রেনে কিংবা মোটর গাড়ীতে তিনসুকীয়া স্টেশন। সেখান থেকে কামরূপ এক্সপ্রেস করে লামডিং জাংশান। লামডিং থেকে শিলচর পাহাড় লাইনের গাড়ী, যেটাকে বলে মোটর লাইন। সেই ট্রেনে যেতে হয়।

'আমরা' বলতে বাবা, মা, আমি আর আমার পরের বোন ও ভাই। হয়তো তখন আমি সাত কিংবা আট বছরের হব। আমার সেই ভ্রমণের অনেক কিছুই আমি ভুলে গেছি। সামান্য মনে আছে। তাই নিয়েই লিখছি। আমার মেজজ্যাঠা তখন দেওয়ান চা-বাগানে কাজ করতেন। যতদূর আমি জানি, তিনি ছিলে টিলাবাবু। টিলাবাবুদের কাজ মনে হয় চাগাছের নারসারী তৈরী করা। আর তার দেখভাল করা।

তারপর একটু বড় হলে চা গাছের স্যাপলিঙ বাগানে ঠিক জায়গায় নিয়ে লাগানো। সেকাজে তিনি ছিলেন সিদ্ধহস্ত। তবে কেন এক চা-বাগান থেকে আরেক চা-বাগানে বছরের পর বছর তিনি চাকরী বদল করতেন। সেটা আমার কাছে রহস্যই থেকে গেছে। শোনা যায়, শিলচরের আসেপাশে সব চা-বাগানে কোন না কোন সময় তিনি চাকরী করেছেন।

মেজজ্যাঠা ছাড়া আমার ছোটপিসি ও তাঁর পরিবার আরো অনেক আত্মীয়স্বজন তখন শিলচর শহর ও তার আশেপাশে বসবাস করতো। তাদের ওখানে বেড়াতে যাওয়াও ছিল এই ভ্রমণের উদ্দেশ্য।

লামডিঙ থেকে শিলচর অবদি রেল লাইনকে আমরা বলতাম পাহাড় লাইন। সেটা ছিল মিটারগ্যেজ লাইন। তাতে বোধহয় সাঁইত্রিশটা সুরঙ্গ বা টানেল ছিল। এই লাইন তৈরী হয়েছিল একশো বছরেরও আগে। আমার এক পন্ডিত দাদু বলেছিলেন যে এক সুইস ইঞ্জিনীয়ার ছিলেন এর স্থপতি। দিনের পর দিন পাহাড় ভেঙে সুড়ঙ্গ তৈরী হতো। রেললাইন বসানো হত। এখনকার মত সুড়ঙ্গ বানানোর মর্ডান টেকনোলজি ছিল না। সেই ইঞ্জিনিয়ার সীমলার ওখানেও রেললাইন বসিয়েছিলেন সুড়ঙ্গ কেটে।

ট্রেন যখন চলত ঝুকঝুক করে সুড়ঙ্গ -এর ভেতর দিয়ে, অন্ধকার হয়ে যেত। টিমটিম করে লাইট জ্বলতো কম্পার্টম্যান্ট -এর ভিতরে। একটা বিচ্ছিরি কয়লা পোড়া গন্ধে ট্রেন ভরে যেতো।

সুড়ঙ্গের ভেতর - ট্রেন

লামডিং থেকে শিলচরের ট্রেন ভ্রমণটা ছিল একটা কবিতার মত। দুইদিকে পাহাড়, জঙ্গল, ঝরণা ইত্যাদি। আমি যতদূর জানি, পাঁচশোর ও বেশী সেতু ছিল ছোট বড় মিশিয়ে। কখনও ট্রেন মাঝখানে কোন ব্রীজ-এর উপর দাঁড়িয়ে পড়তো। কখনও কখনও ট্রেন সাপেরমত

এত বেঁকে যেত যে জানলা দিয়ে অর্ধেক ট্রেন দেখা যেত গার্ডের কম্পার্টমেন্ট পর্য্যন্ত।

স্টেশনগুলোর নাম অদ্ভুত সব ফারকাটিং, জাটিংগা ইত্যাদি। ট্রেন সব স্টেশনেই থামতো, মনে হয়। সকালের রোদ এসে পড়তো নীচু প্ল্যাটফর্মে। সেটাকে ঠিক প্ল্যাটফর্ম বলা চলে না। ইঁট দিয়ে বাঁধানো একটি চত্বর। কোথাও তাও ছিল না। ছিল ঘাসের জমি। পাহাড়ী মেয়ে বুড়োরা তাদের বিক্রয়সামগ্রী নিয়ে বসে থাকতো। তাদের মুখে সাদারণত হাসি, খুশী, দুঃখ কোন অভিব্যক্তিই থাকতো না। বিক্রীর জিনিস ছিল সাধারণত কলা, আনারস, কমলা ইত্যাদি। আনারস খুবই পাওযা যায় সেখানে। ট্রেন থেকে নেমে যাত্রীরা খাবার কিনত।

এখন জানি, শিলচর একটা অপরিচ্ছন্ন শহর। পয়ঃপ্রনালী বলতে কিছু নেই, মশার আড্ডা। কিন্তু তখন কী রকম ছিল সেটা আমার মনে নেই। শুধু মনে আছে করবী ফুলের গাছ সাদা ফুলে আলো করে আছে (শেফালী ফুল ছিল নিশ্চয়ই, তবে মনে নেই)। কাঠের দোতলা বাড়ী আমার পিসীর। সেই দোতলা আমাকে খুব রোমান্টিক মনে হত তখন। এখনও কাঠের দোতলা ঘর তেমনি রোমান্টিক মনে হয় যে সেই বাড়ীটা এখনও তেমনি আছে, ভাবা যায়। সামনে একটা পুকুর, তারপাশে সুপুরি গাছ। যে ছবিটাআমার মনে আছে দূর্গাপূজোর, তা হলো প্যান্ডেলে রাত্রিরে যাত্রা কিংবা ঐরমক অনুষ্ঠানের স্মৃতি। যাত্রার দুটো সিনের মাঝখানে যে নাচতে আসে, সেটা ছিল একটা ছেলে, মেয়ে সেজে এসেছিল। যত নাচে লোকেরা প্যালা দেয় মানে টাকা ছোড়ে। নাচতে নাচতে নর্তকীর শাড়ী এলোমেলো হয়ে গেল। ভেতরের গেঞ্জী বেরিয়ে গেল কিন্তু তখনও প্যালা থামছে না, তাই নাচও থামছে না।

তারপর আমরা দেওয়ান চাবাগানে গিয়েছিলাম যেখানে মেজজ্যাঠার বাড়ী। চাকরীসূত্রে যিনি ছিনের টিলাবাবু। সুন্দর একটা উঁচুনীচু জায়গা নিয়ে বড় বাড়ী। চারপাশটাও সুন্দর। আমার মেজদিদি, মানে মেজজ্যাঠার বড় মেয়ে

দেখতে খুব সুন্দর আর গলায় সুরও ছিল। দিদি তখন গান শিখত গানের মাষ্টামশাইর -এর কাছে। অনেকগুলো গান, তার অনেকেই আমার মনে আছে। যেমন - 'পিয়া কী নজরীয়া', 'বলরে মোরে বল, কোথায় ঘনশ্যাম' ইত্যাদি। একদিন সন্ধ্যের পর গানের আসর বসল। তবলা, হারমোনিয়াম, তানপুরা ইত্যাদি সহযোগে। মাটিতে লেপা লম্বা বারান্দাতে আসর বসেছিল। বেশ কিছু লোক ছিল যারা শ্রোতা কিংবা যন্ত্রতে সহযোগিতা করছিল। পরবর্তী ছবিতে বুঝিয়ে দিলাম।

তারপর বোধহয় আমরা লওয়াইর পোয়া গিয়েছিলাম, কোন এক দাদার বাড়ীতে। সেখানে আছে লঙ্গাই নদী। সেই নদীটা খুব ছোট নয়, কিন্তু বড়ও নয়। নৌকো চলে এপার ওপার করতে। এই জায়গাটা বোধহয় করিমগঞ্জ ডিস্ট্রিক্ট -এ। এক দাদার সঙ্গে লঙ্গাই নদীতে জাল ফেলে মাছ ধরতে গিয়েছিলাম। সেই ছবিটা স্পষ্ট মনে আছে।

বাড়ীর চারিদিকে বিস্তৃত ধানের ক্ষেত সেখানে আল দিয়ে চলতে হয়। বয়েছে ছোট 'ছড়া'। ছড়া মানে নালার মত প্রবাহ। হেঁটে পার হওয়া যায়।

তারপর সেখান থেকে হেঁটে গিয়েছিলাম শালীনগরে। ধান ক্ষেতের মধ্য দিয়ে। শালীনগর ছোটখাট একটা পাহাড় কিংবা টিলার উপর অবস্থিত। আমাদের আত্মীয়দের ছিল বিশাল কমলা লেবুর বাগান, সেখানে সব কমলা ধরেছিল। সেই ছবিটা এখনও মনে আছে। আমাদের খুব আদর করে মাছ ধরে খাইয়েছিল বাড়ীর পুকুর ছেঁচে।

সে কতদিন আগেকার বেড়ানোর কথা। টুকরো ছবি সব মনে আছে। তাই দিয়ে লিখতে বসলাম। হঠাৎ মনে হল সেইসব জায়গা সত্যিই আছে কী, না আমার মনগড়া স্বপ্ন। Google করে দেখলাম লোওয়াইর পোয়া, লাঙ্গাই নদী সব আছে। নিশ্চিন্ত হলাম।

তুরস্ক ভ্রমন

- অশোক বন্ধু মুখোপাধ্যায়

অনেকদিন ধরেই আমার তুরস্কে যাওয়ার ইচ্ছে ছিলো। ইংরেজিতে, সে দেশ টার্কি নামে পরিচিত। এই দেশের ইতিহাস অতি পুরনো। সেটাই আমার আকর্ষন । অদ্ভুত এক দেশ, যার অর্ধাংশ এশিয়াতে ও আর এক অর্ধাংশ ইউরোপে। তাছাড়া, টার্কি নামের এক বিশেষত্য আছে। যেমন টার্কি নামযুক্ত অনেক জিনিস, আমরা ব্যবহার করি। টার্কিশ টাওয়েল, টার্কিশ টী, টার্কিশ বাথ ইত্যাদি ।

দিল্লী থেকে টিকিট কাটলাম ইস্তাম্বুলের। ইস্তাম্বুল টার্কির সবচেয়ে বড় শহর। যথা সময়ে, ইন্দিরা গান্ধী বিমান বন্দর থেকে প্লেনে উঠলাম মধ্য রাত্রে টার্কিশ এয়ার লাইন্সে। খুব ভাল এয়ার লাইন্স। এয়ার হোসটেসরা অতি ভদ্র। অতি সুন্দর দেখতে। ডিনারের আয়োজন হচ্ছে। ডিনার আমি খাব না। বাড়ি থেকে খেয়ে এসেছি। শুধু একটা বিয়ার এর ক্যান নিলাম। আমার বউ রুবি একটা অরেঞ্জ জুস নিলো। একটু একটু করে চুমুক দিলাম। প্লেন বেশ কিছুক্ষন হোল আকাশে উঠে গেছে। একটু দুলছে । এই প্লেন দুললে আমার একটু ভয় ভয় করে। বিয়ারে বেশ কয়েকবার চুমুক দেওয়ার পর একটু ঝিমুনী এলো । রুবি ততক্ষনে তার মাথাটা আমার অপর এলিয়ে দিয়েছে। এইরকম আধঘুমে বাকি রাতটা কেটে গেলো। হঠাৎ মাইকে ঘোষণা শুনে ঝিমুনিটা কেটে গেলো। প্লেন নামবে। বেল্ট বাঁধতে হবে। এই বেল্ট বাঁধা এক ঝামেলা। ঘর ঘর করে আওয়াজ। প্লেন নামছে। প্লেন থামলে নামবার পালা।

বাইরে বেড়িয়ে দেখলাম, অনেক টার্কিশ এয়ার লাইন্সের প্লেন দাড়িয়ে আছে। অন্যান্য এয়ার লাইন্সও আছে। সকাল সাতটা। তুরস্কের সময় ভারতীয় সময় থেকে কয়েক ঘণ্টা পিছিয়ে। ইমিগ্রেসনে বিরাট লাইন। দেশ বিদেশ থেকে বহু টুরিস্টের দল। যাইহোক পাসপোর্ট ও চোখমুখ দেখিয়ে, চলে গেলাম লাগেজ নেওয়ার জন্য। বেল্টে খালি সুটকেস আসছে। যে যার মত তুলে নিচ্ছে। আমাদেরটা আসছে না কেন? বড় বিরক্তিজনক। অবশেষে দেখছি আমাদের সুটকেস মহাশয় আসছেন, তবে একটু কাঁত হয়ে। ট্রলির অপর তুলে, কাস্টমস হয়ে, এক্সিট গেট দিয়ে বাইরে এলাম। দেখলাম এক মোটাসোটা মানুষ একটা প্ল্যাকার্ড হাতে দাঁড়িয়ে আছে। তাতে মুখার্জী বানানটা একটু মাখামাখি হয়ে গেছে মাখাজি। যাইহোক বুঝে গেলাম। লোকটি আমাদের মালপত্র গাড়িতে তুলে দিল। মুখ বাড়িয়ে দেখছি। সুন্দর রাস্তা ঘাট। প্রায় ৪০ মিনিট পরে গাড়ি ইস্তানবুল শহরের মধ্যে প্রবেশ করল। আমাদের হোটেল ইউরোপ অংশে। আসার সময় দেখলাম রাস্তার ফুটপাথের ওপর সুন্দর পরিচ্ছন্ন টেবিল চেয়ার পাতা প্রতিটা রেস্টুরেন্টের সামনে। ইস্তামবুল পৃথিবী বিখ্যাত টুরিষ্ট সেন্টার। প্রচুর লোক রাস্তায় ঘুরে বেড়াচ্ছে। নারী পুরুষ হাত ধরাধরি করে। আর তুর্কীরা অতীব সুন্দর দেখতে। রং উজ্জল। গাড়ি হোটেলে এসে দাঁড়ালো। রিসেপশনে লোকটির নাম হাসান, অতি ভদ্র। পাসপোর্ট দেখিয়ে ঘরের চাবি নিয়ে তিন তলায় চলে গেলাম। ঘরে ঢুকলাম, বেশ ছিমছাম। টি ভি ও ফ্রিজ আছে। তাছাড়া ইলেকট্রিক কেটল ও চা কফির প্যাকেট । আমাদের ইলেকট্রিক কেটেলটা আর কাজে লাগলো না। যথারীতি আমার বউ বিছানায় টানটান হয়ে শুয়ে পড়লো, টি ভি চালিয়ে। বি বি সি ও সি এন এন। আমার প্রথম কাজ হোল আমার প্লাগগুলো ঘরের সকেট গুলোতে লাগছে কিনা দেখা । আমরা আমাদের দেশের আই টী সি কোম্পানির প্যাকেটের ড্রাই ফুড ব্যবহার করি । এই ড্রাই ফুডে গরম জল ঢাললেই বিভিন্ন রকম সুগন্ধী খাবার হয়ে ওঠে। বেশিরভাগ চিকেনের বিভিন্ন ধরণের খাবার। বাথরুমের গরম জল আমরা ব্যাবহার করি না। আমার বউ নিজে কেটলিতে জল ফুটিয়ে নেয় এই প্যাকেট এর খাবার বানানোর জন্য। কিন্তু হায় ভগবান, আমার কোনো প্লাগই সকেটে ঢুকছে না। সঙ্গে সঙ্গে আমার মাথা গরম হোয়ে উঠলো। বৌকে এক ধমক দিয়ে বসলাম। শুধু শুয়ে থাকলেই চলবে ? ও ভ্রূক্ষেপও করল না । ও

আবার বলে উঠলো, ''কেন একটু পয়সা খরচা করে হোটেল এর খাবার খাওনা?''

তাতে মাথা চিরবির কোরে উঠলো । ব্রেকফাস্টের চিন্তা নেই, ফ্রি । লাঞ্চের জন্য পাউরুটি ও স্যান্ডউইচ স্প্রেড আছে আমাদের সাথে। চিন্তা শুধু ডিনারের জন্য। হোটেলের ডিনার অতি দুর্মূল্য । এই অভাগার সেই সাধ্য নেই। দেখি, যদি রিসেপসনে কোন প্লাগ পাওয়া যায় কিনা ।আর কিছু চিন্তা না করে তরতর করে সিঁড়ি দিয়ে নিচে নেমে গেলাম। হাসান একটু মুচকি হেসে আমাকে একটা টার্কির প্লাগ দিল। ওপরে উঠে দেখি সেই প্লাগ সব সকেটে ঢুকে যাচ্ছে । বেশ একটা স্বস্তির নিঃশ্বাস ফেললাম। ঠিক করলাম বেড়োবো। আমার বউ এখন বেড়োবে না, আমি ভালকরেই জানি। ও এখন বসে বসে টি ভি দেখবে। বিবিসি আর সি এন এন। বাথরুমে শাওয়ারের তলায় অল্প গরম জলে আরাম করে চান করলাম। বেশ ঝরঝরে লাগছে। মুখে একটু ক্রিম মেখে নিলাম। বাথরুম থেকে বেড়িয়ে, আয়নার সামনে দাঁড়ালাম। আমার মেয়ের দেওয়া একটা মোটা নীল রঙের স্পোর্টস শার্ট পড়ে নিলাম । ক্রিম রঙের প্যান্ট। মনে হোলো দেখতে বেশ ভালই লাগছে। ব্যাস, মাথায় আমার প্রিয় হ্যাট খানা পড়ে বেরিয়ে পরলাম। বউ ভোঁসভোঁস করে ঘুম দিচ্ছে। বাইরে বেড়িয়ে দেখলাম অজস্র লোক। বেশির ভাগ টুরিস্ট বলেই মনে হোল । দুপুরবেলা, তবে ওত গরম নেই। রাস্তার একপাশ দিয়ে সুন্দর রঙের ট্রাম চলছে। কোলকাতার ট্রাম এর ধারেকাছে নয়। এসে দাঁড়ালাম বসফরাস প্রণালীর সামনে। এই প্রণালী মানে একটি নদী। তার ওপর অনেক ব্রিজ। একদিকে এশিয়া, অন্যদিকে ইউরোপ । নিচে অনেক বড় বড় ইয়ট ও নৌকো চলছে ট্যুরিস্টদের নিয়ে। দুপুর দুটো বাজে। হোটেলে ফিরে দেখলাম আমার বউ এর চান শেষ। খাবার তৈরি। নিশ্চয় ওর খিদে পেয়েছিল। যাই হোক ভাগ্য ভালো, আমার জন্য অপেক্ষা করছে। আমি তুরস্কের লম্বা ব্রেড নিয়ে এসেছিলাম। দুজনে মিলে খাওয়া শুরু করলাম। আহা, দেশের চিকেন আর তুরস্কের ব্রেড। সুন্দর খাওয়া। এবার আমি একটু গড়াবো। বউ এর ঘুম দেওয়া হয়ে গেছে। ও টিভি দেখে যাচ্ছে। কি সব হাবিজাবি। একটু বিরক্ত বোধ করলাম। যাগগে, বিদেশে ঝগড়া না করাই ভালো। ঘুমে চোখ জড়িয়ে আসছিলো। ঘুমিয়ে পড়লাম। উঠে দেখি সন্ধ্যে ছটা বাজে। চোখ মুখ ধুয়ে, সেজে গুজে বেড়িয়ে পড়লাম। আলো ঝলমল ইস্তাম্বুল শহর। হাঁটছি আর দেখছি। ট্যুরিস্ট দল দলবেধে এসেছে সারা পৃথিবী থেকে। কেউ হাঁটছে, কেউবা রেস্টুরেন্টের সামনে বসে আড্ডা মারছে ও ড্রিংক করছে। বলাবাহুল্য, বলতে গেলে বেশির ভাগ সাদা চামড়ার দল, যাদের পকেটে অনেক ডলার। আমি ভারতীয়, আমার কাছে ডলার কম।

ডলার কম, তাই হাঁটাই ভালো। দূরে দেখা যাচ্ছে জগতের সবচেয়ে বড় মসজিদ, হাজিয়া সোফির আলো। চারিদিকে চারটি বড় পিলার। তাজমহলের মতো। তবে তাজমহলের ধারেকাছে নয় ।

এখানকার মেয়েরা বোড়খা পরে না। সকলের গলায় একটা স্কার্ফ জড়ানো। দরকার হলে, মাথায় ঢাকা দেয়, মসজিদে ঢোকার সময়। বেশিরভাগ স্থানীয় লোকই ইংরেজি বলতে পারে। সারি সারি ছোট ছোট খাবারের দোকান। হঠাৎ চোখে পড়লো একটি ছোট দোকান। একটি মেয়ে তাওয়ায় কিছু খাবার বানাচ্ছে। ও মুখ ফেরাতেই, চমকে উঠলাম। পরমা সুন্দরী। চোখ ফেরানো যায় না। ঢুকে পড়লাম। দেখলাম দোসা যেমন ভাবে তৈরি করে সেইভাবে একটি তরল জিনিষ তাওয়ায় ছড়িয়ে দিচ্ছে। তার ওপর চিকেন কিংবা অন্য কোন মাংসের কিমা ও সালাড দিয়ে মুরে দিচ্ছে। রোলের মতো দেখতে তবে পাতলা, সহজেই খাওয়া যায়। কতো দাম? চিকেন ৫ ডলার ও বীফ ৭ ডলার । বুঝলাম, পরমা সুন্দরী বুঝে গেছে আমি টুরিস্ট, তাই ডলারে বলল। ''আমায় দুটো চিকেন দাও।'' ''বোসো, দিচ্ছি।'' কিছুক্ষণ পরে এগিয়ে এসে আমার হাঁতে একটা প্লাস্টিকের প্যাকদিল। দেখলাম সামনাসামনি। ওঃ! আগুনের মতো রূপ। এইসময় এক অল্প বয়েসি মেয়ে এসে ঢুকল । এসে

''মম'' বলে ডাকল । বুঝলাম এই পরমা সুন্দরীর মেয়ে। আমি ১০ ডলার দিয়ে বেরিয়ে এলাম। খুবই সস্তা । সারা রাস্তা এই টার্কিশ সুন্দরীর কথা ভাবতে ভাবতে আসলাম। হোটেলে ফিরে এই তুর্কী খাবার ও আমাদের প্যাকেটের খাবার খেলাম। তার সাথে আমার একটু হুইস্কি পান । আমার ইনসমনিয়া আছে। তাই একটু মদ্যপান করলে, ঘুমের সুবিধা হয়। কাল সকাল সাতটায় উঠতে হবে।

টুরিস্ট বাস আসবে সকাল নটায় । বাড়িতে অবশ্য আমি সকাল নটায় উঠি। কি আর করা যাবে। বিদেশে এসে বাস মিস করলে তো, অনেক কিছু দেখতে পাব না।

পরদিন সকাল সাতটায় উঠলাম। তার আগেই বউয়ের চান হয়ে গেছে। আমায় চা বানিয়ে দিলো। এই সকালের চা'টা ও আমার জন্য খুব যত্ন সহকরে বানিয়ে দেয়। আমি একটু হাত পা ঝাড়া দিলাম। ঐ ব্যায়ামের বিকল্প আর কি! এই একটা গুণই আমার আছে, রোজ ব্যায়াম করা। এখানে তাই সংক্ষেপে সেরে নিলাম । চটপট স্নান সেরে নিয়ে জামাকাপড় পরে নিলাম । তারপর ট্রাভেল ব্যাগটার মধ্যে পাউরুটি ও স্যান্ডউইচ স্প্রেড নিয়ে নিলাম ।তার সাথে জলের বোতল নিয়ে দরজা বন্ধ করে ডাইনিং হলে ব্রেকফাস্ট খেতে চললুম। বউকে দেখলাম একটা ক্রিম রঙের জিন প্যান্ট ও সাদা ব্লাউশ পরেছে ও তার সাথে সান গ্লাস। আমার মাথায় হ্যাট। দাঁড়ালাম এসে লিফটের সামনে। সোজা ডাইনিং হলে। থরে থরে খাবার সাজানো। টোষ্ট, মাখন, সালামি, সসেজ, অমলেট, বেকন ও অনেক রকম ফলের রস। সব টেবিলে টুরিস্টের দল । পৃথিবীটা এখন ঘোরার জায়গা হয়ে দাঁড়িয়েছে । সবার মনে একটু পরিবর্তন দরকার দৈনন্দিন কাজের চাপে। একটা টেবিলে দেখলাম এক বয়স্ক পুরুষ ও নারী বসে আছে । দুটো জায়গা খালি। বললাম, ''বসতে পারি?'' ওনারা বললেন, ''নিশ্চয়।'' বসলাম। আমার বউ প্রচুর ফল নিয়ে বসেছে। সেটাই উচিৎ। আমি ফল খাই না। তাই অরেঞ্জ জুস। ওনারা আমেরিকা থেকে এসেছেন। ভদ্রলোক হার্ভাড বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক। ভদ্রমহিলা একজন নার্স। কোনো ছেলেমেয়ে নেই। আমরা ইন্ডিয়া থেকে এসেছি শুনে বলল, তোমাদের দেশের সভ্যতা অনেক পুরনো। বলল, হার্ভার্ডে, আমরা ইজিপ্ট, ইন্ডিয়া, গ্রিস, সিরিয়ার পুরনো সভ্যতা নিয়ে অনেক গবেষনা করি। আমি একটু নড়েচড়ে বসলাম। অতি জ্ঞানী মানুষের সামনে আমরা বসে আছি। একটু বেশি খেলাম, কারন দুপুরে যাতে একটু কম খেতে হয়। উঠে সোজা গেটের বাইরে চলে গেলাম।

বাস এসে গেলো। উঠে একটা সিটে পাশাপাশি বসলাম। জানালার সিটটা বউয়ের জন্য ছাড়তে হবে। কোনো উপায় নেই। বাস রাওনা দিল বসফরাস প্রণালীর দিকে । আজকে বসফরাস প্রণালীতে নৌকা ভ্রমন। সুন্দর সব রঙ্গিন নৌকো । প্রায় ১০ জন বসতে পারে। এই প্রণালী মানে হল একটি নদী, যেটা এশিয়া আর ইউরোপকে ভাগ করে রেখেছে । এশিয়া থেকে ইউরোপ যাওয়ার মাথার ওপর অনেক ব্রীজ। তার ওপর দিয়ে অনেক গাড়ি ছুটে চলেছে। নৌকায় দাঁড়িয়ে লক্ষ্য করা যায় দুই মহাদেশকেই । দুই মহাদেশের পার্থক্য ভালভাবে বোঝা যায় । ইউরোপএর বাড়িগুলো একটু চকচকে ও কিছু গির্জা দেখা যায় । এশিয়ার বাড়িগুলো একটু মলিন ও বেশ কিছু মসজিদ আছে। এক নৌকো থেকে আর এক নৌকোয় আমরা হাত নাড়ছি । অসংখ্য নৌকো । ভর্তি টুরিস্ট।

বাড়ি ফিরলাম সন্ধ্যে ছটায়। পরদিন আবার বাসে করে ভ্রমন। অপূর্ব এই দেশ তুরস্ক। প্রথমে এসেছিল আলেকজান্ডার গ্রীস দেশ থেকে। এসে উনি তুর্কীদের উদ্ধার করেছিলেন, পারসিয়ার রাজা ডরিয়াসের অত্যাচারের হাত থেকে। তারপর উনি এসেছিলেন ভারতের পশ্চিম প্রান্তে। যেখানে তার যুদ্ধ রাজা পুরুর সাথে, যেটা সবাই জানে । আলেকজান্ডারের পর আসে রোমানরা। তারা পুরো দেশটাকেই দখল করে নেয়। অত্যাচার শুরু করলো। এরপর হলো বিখ্যাত বাইজান্টাইন সাম্রাজ্য। বলতে গেলে, রোমানদের নতুন

নাম। এরপর রোমানরা বিদায় নিল। এলো অটোমান সাম্রাজ্য। পুরোপুরি তুর্কীদের। তখন সুলতানদের সাম্রাজ্য পূর্ণ ইসলাম ধর্মাবলম্বী। গোড়া ইসলাম হলেও, পাশ্চাত্য সভ্যতা গ্রহন করেছে। খুব সুন্দর ঘুরলাম। এক এক জায়গায় দাড়াচ্ছে আধা ঘন্টার জন্য। দেখলাম হাগিয়া সোফিয়া, পৃথিবীর সবচেয়ে বৃহৎ মসজিদ।

অপূর্ব বিস্ময়ে দেখছি গ্রীক, পার্শিয়া, রোমানদের স্থাপত্য শিল্প। সুলতানের, তোপকাপি প্রাসাদ দেখে মনে হল আগ্রা ফোরটের দ্বিগুন বড়। বিকেল ছ'টাতে হোটেলে ফিরলাম।

আমার মন ছোটফট করছে সেই অপূর্ব সুন্দরী মেয়েটির দোকানে যেতে। বউকে কিছু না বলে বেড়িয়ে পড়লাম। ও আরাম করে টিভি দেখুক। সোজা গিয়ে সেই মেয়েটির দোকানে ঢুকে পড়লাম। বললাম, তোমার বানানো খাবারটি আমাদের খুব ভালো লেগেছে। আজকে চারটি নেবো। বলল, তুমি একটু বসতে পারবে? আমার দুটো অর্ডার আছে। সেই দুটো করেই, তোমারটা বানাবো। আমারতো বসতেই ইচ্ছে। তাই বললাম, কোনো অসুবিধে নেই। জিজ্ঞেস করলাম, ''তুমি কি সারাদিন ধরে, এই দোকান চালাও?'' ও বললো '' হ্যাঁ।''

তোমার স্বামী কি করে? ও একটু চুপ করে রইলো।

বললো, তুমিতো টুরিষ্ট? হ্যাঁ, আমি ইন্ডিয়া থেকে এসেছি, তোমাদের দেশ দেখতে। ইন্ডিয়ার লোকেরা খুব ভালো। ভদ্র। তোমাকে দেখেও, বেশ ভদ্র ভালো মানুষ মনে হচ্ছে। শোনো, আমার স্বামী আমাকে ছেড়ে চলে গেছে। তিন তালাক দিয়ে। ও বলেছে আমার গোশ্ত রান্না ওর ভালো লাগে না। আমার মেয়ে আমার সাথে থাকে। আমার স্বামী আর একজনকে বিয়ে করেছে। আমাদের ধর্মে, যেকোন সময়, স্বামী বউকে তিন তালাক দিয়ে চলে যেতে পারে। কোনো ক্ষতিপূরণ দিতে হয় না। তবে মেয়ের আব্বাজান যদি বেচেঁ থাকে, তাহলে আব্বাজান নিজের মেয়ের দায়িত্ব নেয়। আমাদের দেশে, আব্বাজান তার মেয়েকে খুব ভালোবাসে। এই দোকান আমার আব্বাজানের ছিলো। আমাকে দিয়ে দিয়েছে। মাম্মিজান আমাকে সব খাবার তৈরি করা শিখিয়ে দিয়েছে। আমার আব্বাজান আমাদের দেশের সমাজ পরিবর্তনের জন্যে

প্রাণ দিয়েছেন। আম্মাজান দুঃখে আত্মহত্যা করেন। আমার দুই ভাই খুব ভাল। তারা আমার খোঁজখবর করেন।

আমি হতবাগ হয়ে শুনছিলাম। ভাবছিলাম, এই পরমা সুন্দরীকেও কেউ ছেড়ে চলে যায়? যে খুব ভালো রান্না করতে পারে? নিজে পুরুষ হয়েও পুরুষ জাতির ওপর এক ঘৃনা বোধ করলাম। বললাম, তোমার মনের জোর আছে। আল্লা তোমাকে দেখভাল করবেন। সে বলল, আমার ভালই রোজগার হয়। আমি টাকা জমাই। আমার এখন জীবনের উদ্দেশ্য হলো মেয়েকে মানুষ করা, যাতে ওর আমার মতো দুর্দশা না হয়। ওকে আমি লেখাপড়া শিখিয়ে, আমেরিকা পাঠাবো।

এরপর দুদিন আর আসা হয়ে ওঠেনি, কারন বাস প্রায় আঁটটার পর হোটেলে ফিরেছে। এরপরদিন আমাদের শেষ দিন। সেদিন হাফ ডে টুর। মনটা আনচান করছে সেই পরমাসুন্দরী তুর্কী মেয়েটার দোকানে যেতে । ''কোথায় যাচ্ছ?'' বউ জিজ্ঞেস করলো। আমি বললাম, আজকেই তো শেষ দিন , কালই তো এথেন্স চলে যাব। তাই একবার ইস্তাম্বুলকে শেষ দেখা দেখে নেই। তাহলে তুমি ওই তুর্কী খাবারটা নিয়ে এস । আজ লাঞ্চে ওটাই খাব । আমি তো একপায়ে খাড়া। গদগদ কণ্ঠে বউকে বললাম, নিশ্চয় নিশ্চয় । সোজা বেড়িয়ে সেই মেয়েটির দোকানে ।

দেখেই প্রথমে জিজ্ঞেস করল , দুদিন আসনি কেন? আমি বললাম আগের দুদিন দেরি করে ফিরেছি। কালকে আমি তোমাদের দেশ ছেড়ে গ্রীসে চলে যাচ্ছি সকালে । এই শেষ দেখা। ও এগিয়ে এসে আমার মুখের দিকে চাইল। এইরকম সুন্দরী আমি জীবনে দেখিনি । ও বলল, বেশ কদিন ভালো কাটল তোমার সাথে গল্প করে। এরপর

আবার গতানুগতিক জীবন। লোকেরা আসবে খাবার কিনতে । কেউ আবার অসভ্য ইংগিত দেবে । আমার দেহ তখন ঘৃণায় ভড়ে ওঠে। আমাদের ধর্মে মেয়েরা খুব অসহায় । আমি কোন কোথা না বলে সেইসব অসভ্য লোকদের খাবারটা তাড়াতাড়ি দিয়ে দেই। আমি বললাম তোমার মনের জোড় আছে ও তুমি অতি সৎ , আল্লা তোমায় রক্ষা করবেন । তোমার মেয়ে আমেরিকা যাবে। তারপর তুমি যাবে। তোমার জীবনের নতুন অধ্যায় শুরু হবে । তুমি ভাল থাকবে । তোমার নামটা কি তাতো জানলাম না । ও এগিয়ে এসে আমার হাত ধরে বলল, তুমি ঠিক বলছ? আমার নতুন জীবন শুরু হবে। হ্যাঁ, নিশ্চয় আমি বললাম। ও বলল আমি দানীশ কালাফত।

আমি বেড়িয়ে পড়লাম । কিছুদূর গিয়ে ফিরে তাকালাম। ও তাকিয়ে আছে।



Bosphorus

Hagiya Sofiya



Topkapi Palace

ভান্দারদারায় এক দিন

- রমা চক্রবর্তী

২০১৮ সালের ৩০শে মার্চ, মানে গুড ফ্রাইডের ছুটিতে ঠিক হলো ভান্ডারদারা যাওয়া। সেটা আমাদের থানের বাসস্থান থেকে ৩-৪ ঘন্টার দূরত্বের পথ।সকাল সাতটা কুড়িতে রওনা দিয়ে বেলা বারোটা নাগাদ গন্তব্য স্থল পৌছালাম। মহারাষ্ট্র ট্যুরিজমের নিবাসের সামনে অনেক ইউক্যালিপটাস গাছের সারি দেদার হাওয়া দিচ্ছে। সামনে সুন্দর লেক। এই গরমে এই ব্যবস্থা প্রচুর আরামদায়ক এবং আনন্দদায়ক মনে হল। আমরা কে কে ছিলাম, এবার তা বলি। আমি, আমার বেয়ান বন্দনাদি আর দুই নাতি গোলক আর তিলক। আমাদের পথের সাথী এবং সারথী আমার ছেলে দিব্যেন্দু। আমার বউমা রাধা একটু একা থাকা ব্রত নিয়েছিল দেড়দিনের জন্য। তাই আসতে পারেনি।

এবারে আসি খাবার কথায়, না হলে জমে না বাঙ্গালীর ভ্রমণ। পথিমধ্যে বেলা দশটা নাগাদ মশলা ধোসা, ডিমের ওমলেট আর সুন্দর চা পান করে মন ভরপুর ছিল সবার। সেটা ছিল ইগৎপুরির মানস নামক রেসর্ট। ফটো তোলা হয়েছিল। তাই ভান্ডারদারায় মধ্যাহ্নভোজন ছিল সামান্য। ডাল, ভাত সবজি খেয়ে একটা বিউটি স্লিপ দিয়ে একটি গাইডের সহায়তায় দ্রষ্টব্যস্থান পরিদর্শনে বার হলাম। কত জমি, কত চাষ, কত গ্রাম্য বাড়িঘর, কত সুদূর প্রান্তর, প্রচুর কাক, অনেক ছাগল এবং লম্বা পাহাড়ি নদী প্রহরা ছিল দুকুল ছড়িয়ে। গাড়ি করে পৌঁছালাম নাম না জানা এক মাতাজীর মন্দিরে। সেটা ছিল রান্ধা নামক এক গ্রামে। মায়ের মুখমন্ডল বেশ বড়, দেখে মন ভরে যায়। সামনে জলপ্রপাত আর তার জলাধারে কত লোক স্নান করছে। নারকেল দিয়ে পূজো দিচ্ছে মায়ের মন্দিরে।মন্দিরের বাইরে এসে একটি দোকানে চা পান করলাম। সেখানে নাতিদের নিয়ে আমার ছেলে ব্রিজের উপর দিয়ে জলপ্রপাত দেখতে গেল। ফেরার পথে মণ্ডা কিনে আনল। আমরা খেলাম, অপূর্ব স্বাদ। বাড়ির জন্য নিয়ে এলাম কিছুটা।

ফেরার পথে গাইডের পরামর্শে আর্থার লেকে বোটিং করলাম প্রায় ৩৫ মিনিটের মতো। লেকের ভিতরে অবস্থিত এক নাম না জানা দ্বীপের কাছে ঘুরে এলাম। ভয়ানক ছিল জলের ঢেউ। জলে আমরা সবাই ভিজেই গেলাম যাওয়ার সময়। অবশ্য লাইফ জ্যাকেট পরা ছিল। আসার সময় স্রোতের অনুকূলে থাকায় আর ভিজিনি। লেকের পাড় থেকে উপরে উঠতে প্রায় ১৫ মিনিট লাগল আমার আর বন্দনাদির। ওপরে এসে সূর্য ডোবা এবং বিপরীতে চন্দ্রোদয় দেখলাম। সে এক দারুন দৃশ্য!! সেদিন ছিল পূর্ণিমার দিন।পারে বসে গ্রাম্য দোকানে চা পান চলল আর গাইডকে ধরে ছয় জনের ছবি তোলা হল। রিসোর্ট ফিরতে সন্ধ্যা সাতটা হল। এরপর ডিনারের অর্ডার করা হল। বেড়ানোর কারণেই হোক কিংবা দেরিতে ব্রেকফাস্টের কারণেই হোক আমরা খুব স্বল্প লাঞ্চ করেছিলাম। তাই খিদেটা বেশ জাঁকিয়ে বসে ছিল।লেকের টাটকা মাছভাজা, চিকেন, ডাল, রুটি খুব মজা করে খাওয়া হল। খাবারের পরে ওষুধ খেতে যাব হঠাৎ বিদ্যুৎ বাবাজি চলে গেলেন। খোঁজো খোঁজো টর্চ !! এদিকে পরের দিন সকাল ন'টায় ঘর ছাড়তে হবে।

বাজারের কথা না বললে অন্যায় হবে।সেদিন শুক্রবার ছিল গ্রাম্য হাটের দিন। গিয়েই আমার ছেলে ব্যাগ ভর্তি করে টাটকা সবজি কিনেছে কাছের গ্রাম থেকে। সে গ্রামে একটি গাছতলায় বসেছিল হাট। ফেরত আসার সময় মহারাষ্ট্র ট্যুরিজম রিসোর্টের নিজস্ব গাছের একটা কাঁচা কাঁঠাল কাউকে বলে পারিয়ে নেওয়া গেল। এটা দিয়ে দারুন এঁচোড়ের তরকারি হবে। ছেলের ছেঁড়া চটির কথা উহ্য থাক। জলপ্রপাত ঘুরতে গিয়ে চটিটা ছিঁড়ে গেল। সে আরেক কাহিনী।

আসার সময় থামা হল ত্যঘটিদ নামক একটি জায়গায় শনিবারের হাটে। সেখানে এটিএম থেকে টাকা তোলা হল কারণ টাকা শেষ হয়ে গিয়েছিল।এই হাটে গঙ্গাপুর ড্যাম থেকে টাটকা মাছ আসে দুপুর দুপুর। সেখানে টাটকা মাছ কেনা হল - পাবদা এবং ট্যাংড়া। এক ঘন্টার পর সেখান থেকে আমরা যাত্রা শুরু করলাম। পথিমধ্যে আবার একটা জায়গায় থেমে থানের হিরানান্দনি ফিরলাম বেলা দুটো নাগাদ।

বিদায় ভান্ডারদারা। ছোট হলেও মনে রাখার মতো ভ্রমণ।

Afghanistan

- Sanjoy Chanda

Ever since the Taliban made its triumphant return to Afghanistan, I have been feeling uneasy and sad. When I had visited that country, it was still in the process of recovering from the prolonged war and oppressive rule of the Taliban. The scars were still showing. But wherever we went, there seemed to be a sense of relief, a belief that the nightmare was over. The healing process had started and we came back with the feel-good impression that the country was on its path of recovery. I wanted to share with all of you that experience of mine.

Unfortunately, all those responsible for rebuilding the country seem to have failed miserably. The political leaders of the country with their infighting and corruption failed to provide a stable government. The USA with its NATO partners, with all their so called military might, failed to subdue the rag-tag fighters of the Taliban militants, finally running away with its tail between its legs, leaving the ordinary Afghans, especially the women to face the consequences.

Afghanistan

We are all aware of the recent developments in our neighbouring country Afghanistan. The Taliban has taken control of the country by force. The entire world is watching, apprehensive of what is in store for the country and its population, especially the women. This is because of the reign of terror and oppression the Taliban had perpetrated during the 5 years when they ruled the country from 1996 to 2001. The current leadership of Taliban is trying to give the impression that they have changed. In a press conference they have tried to paint a holier than thou picture of themselves, assuring the local and international community that there will be no reprisal against the soldiers who fought against them, the locals who had collaborated with the Western countries, the women would be free to study, to work – within the parameters of the Sharia law. But obviously, the locals do not trust them and the scramble for leaving the country continues.

These developments in Afghanistan have brought back memories of my visit to that country.

In the month of November in 2003, I was advised to get my Visa for Afghanistan and proceed to Dubai for briefing. Apparently, a Dubai based subsidiary of our company had been invited by the Afghan government to take part in petroleum trade there. So, a small group was being formed to go there, assess the situation and report to the company's Chairman.

The Afghan government themselves being interested, the Visa processing was easy and fast. In the last week of November, a team 3 members arrived in Dubai. After being briefed about our mission, we left for Kabul early in the morning on the 1st December by an Ariana flight from Sharjah. A fourth member was to join us in Kabul – he had already been based there as a local coordinator.

As we touched down at Kabul airport, the scene that greeted us was quite disconcerting. On both sides of the runway were broken aircrafts of all kinds and descriptions – from big transport planes to small fighter aircrafts. You may recall that since 1979 Afghanistan had been going through a series of wars – ever since the communists followed by Soviet Russia took control, USA and Pakistan supported Mujahideen had been fighting them. After the Soviet withdrawal in 1989 and collapse of the Russian supported regime in 1992, the country plunged into a civil war. In 1996 the Taliban took over and unleashed their own reign of terror. The USA invaded Afghanistan in 2001 to dig out Osama Bin Laden and throw out the Taliban who were sheltering him and his Al Qaida, which they managed after another bloody war. So, after such prolonged warfare, by the time we arrived, much of Afghanistan was in ruins.

The fourth member of our team received us at the airport and ushered us to our hotel. Kabul Intercontinental Hotel was probably the only hotel, which was relatively less damaged and, it seemed that anybody and everybody visiting Kabul was staying in that hotel. And there were a lot of them. Journalists, people visiting the newly liberated country looking for commercial opportunities, contractors' men engaged in reconstruction of ruined infrastructure, NGOs, medical teams and so on. We were told that one wing of the hotel was closed, as it had been bombed the previous week. Such sporadic attacks were taking place all over the country, including Kabul.

Kabul Intercontinental Hotel – the only decent hotel to have survived the war

In the afternoon, we met our contact with the Afghan government. It was easy to communicate with him. He was a youngish man whose family had fled Afghanistan in the 1980s and he was educated in the USA and had been working there. After liberating the country, the US government rounded up many such educated young Afghans and sent them back home and attached them to the government of Hamid Karzai supported by the USA. Our contact was a senior advisor in the ministry of commerce. The same evening, after dinner, the Minister of Commerce met us and explained where in his scheme of things we fitted in. The petroleum trade, at that point of time, was being run by private individuals. The government had no control on them. It was left unsaid, but implied, that these people had backing of powerful people like the regional warlords. The government believed that if some competent foreign companies could be involved, they could gradually edge out these upstart individuals. During our stay in Afghanistan, we were to visit existing

petroleum installations, suggest where new storage facilities were to be set up. We were to travel north and west as the two main entry points for imported petroleum were in Balkh and Herat provinces. He suggested that we drive up north to Mazar-e-Sharif. That would give us the opportunity to see the countryside and its topography. At that point of time, only road bowsers were used for distribution of oil. Afghanistan did not have any rail tracks. Would rail transport of oil be feasible? And if so in which routes? Could pipelines be used? About risk involved in travelling by road, he assured us that we need not worry, we would be provided with an armed escort.

Starting from the following day, we visited existing oil storage installations. In all of them most of the tanks had been ruined in the war. Some had been hit by rockets, some had suffered direct bomb hits. Only a small number of tanks were in usable condition. We also visited potential sites for new installations. As we travelled, we could see the devastation the prolonged war had caused. Certain parts of the city of Kabul were in complete ruin – not a single house was left standing.

Some bombed out oil tanks

The country was still not fully safe. Acts of violence were still taking place off and on. One day we were on our way south of Kabul to inspect a potential site for a new oil installation when one of our escorts received a telephone call. There was a brief discussion among them, and the car took a U-turn and headed back to Kabul. We were later told that there was reported presence of Taliban terrorists in that area. We had been instructed right at the beginning that whenever we got out of our car, we were to be careful to stay on the tarmac. There were landmines everywhere. When we made longer road trips later, we found many teams working to detect and remove mines.

Our stay in the hotel was reasonably comfortable. Kabul in December was quite

cold. I was based in Bombay then and I did not need any of my warm clothes there. So, knowing that it would be cold in Afghanistan, I had borrowed a couple of sweaters and a jacket from a cousin. I had a 3-element room heater in my room. I was advised to keep a bucket of water in the room at night and keep a window cracked open so that oxygen depleted by the heater elements would be replenished. The only problem we had was with food. The hotel served buffet lunch and dinner. The menu was the same for lunch and dinner and remained the same day after day. The items were mostly meat based. Vegetable was available only in the form of Salad.

War ravaged section of Kabul – ruined houses

As we moved around Kabul, visited oil installations, markets, government offices etc., we found that as Indians we were welcome everywhere. Whether it was a security guard at the airport or the officer in the Visa office, the standard response, on knowing that we were from India, was 'you are welcome. Indians are our friends'. And in the same breath they would continue 'and Pakistanis are our enemies'. They were curious to know about India. And they were very well-informed about Bollywood. Probably, having survived 5 years without music, TV and cinema, they could not have enough of it. They knew much more about Hindi films, film stars and Bollywood gossips than I did. In general, there was an atmosphere of optimism during that period. Many families who had sought asylum in other countries during the civil war were coming back, damaged buildings and infrastructure were being rebuilt, we could see women moving around freely in the streets and flocking in markets.

The date of our road trip to Mazar-e-Sharif was approaching. We were told that a team of government officers would accompany us along with an interpreter. The day before departure we were told that there would be no armed escort. It was explained that an escort of armed men would make us conspicuous. Without them we would not draw any attention and be safe. What we realized later was that the influence of the Central Government did not spread very far beyond Kabul. The other states were controlled mostly by the local strong men and armed security men from Kabul would not be welcome there.

We left Kabul after breakfast. As you may well imagine, communication network in Afghanistan then was very poor. We were carrying a satellite phone so that we would be able to talk to somebody in case of an emergency. When we arrived at Charikar, a town about 60 kms north of Kabul, our Afghan escorts said that they were going to have their lunch there and disappeared into a restaurant. We found out that for the

Afghans, at least the ones we came in contact with, eating had priority over all other activities. Having been tired of eating meat day after day, we decided to buy some oranges and apples and have a fruity lunch. The Afghans took a long time over their meal and we were getting worried because we would be crossing the Hindukush, and this being the only direct route between North and South Afghanistan, there was heavy traffic on this road, mainly of trucks. We wanted to avoid driving at night.

Soon after leaving Charikar, the road started climbing. It crosses the Hindukush through Salang Pass. The road and the Salang tunnel were constructed by the Russians in the early 1960s. Salang tunnel is at an altitude of about 12000 ft. and in the month of December, much of the approach to the tunnel would be snow bound. But considering the strategic importance of the road, care was taken to keep the road surface free of ice or snow. Our approach was slow along the steep mountain road, further affected by heavy traffic. By the time we reached the end of the tunnel, it was getting dark. Our designated night stop was more than a hundred kilometers from there. As soon as the road became less congested, the driver stepped on the accelerator. The road surface was far from smooth, and we were literally tossed about. Next morning when I requested the driver not to drive so fast, he readily agreed and as an explanation for the previous evening's rough driving he said that it was getting dark and he was scared and wanted to reach our destination as fast as possible.

Road to Salang Pass

Approaching Salang Pass

Entry to Salang tunnel

We spent that night in a place called Pol-e-Khomri. The hotel we stayed in had very basic facilities. We decided to leave early next morning and reach Mazar-e-Sharif before lunchtime.

Though it had been quite a while after the war had ended, all along the road we found teams working to remove landmines and damaged hardware from the hostilities – tanks, armoured cars, artillery guns and so

on strewn over the countryside. The job of removing them had apparently started. We crossed many trucks carrying them – scrap metal business was having a field day.

The drive from Pol-e-Khomri to Mazar-e-Sharif was absolutely smooth. It was all on flat land, with cultivatable land on both sides of the road. We reached Mazar well before lunch. We were told that ours was the best hotel in town. The rooms were large with not much furniture. There were two beds at two ends of the room with a table and a chair in between. Here also I was given a 3-element room heater. Unfortunately, power went off in the afternoon and did not come back during the rest of our stay there. The heater was replaced by a Bukhara – a kerosene fired one. Every room is designed to accommodate a Bukhara with a hole in the wall for the chimney to pass through.

We wanted to have an early lunch so that we could rest s bit before going out. We were told that the hotel's kitchen was not working and we would have to order for our food to be brought from outside. As we were tired of eating meat we asked for some vegetable, daal and roti. The man taking order could not comprehend what we were asking for and called the manager. After he heard what we were asking for, he burst out laughing. He explained that from a restaurant they could get biriyani, meat curry, kebabs – all meat items along with Afghani roti. We had to settle for some meat curry and roti. Afghani roti is a thick roti made in a tandoor, usually eaten cold, but remains soft. It is triangular in shape, may be about a foot long, wide at the top (maybe about 8 inches) and tapers down. During our stay in Afghanistan, we were served meat for breakfast, lunch and dinner. Fortunately, on the second day of our stay in Mazar we discovered that there was an Indian restaurant in the town – called Dilli Darbar and run by a Dubai based Indian. From then on, as long as we stayed in Mazar-e-Sharif, our evenings were spent at Dilli Darbar. But we could not avoid meat eating at breakfast and lunch.

Mazar-e-Sharif gets its name from the beautiful blue tiled tomb in the middle of the town. It is believed to be the Mazar of Hazarat Ali, cousin, son-in-law and devout follower of Hazarat Mohammad. As per Afghan legend, when Hazarat Ali was murdered, his body was brought here by a white camel to save his remains from desecration by his enemies. Shia Muslims, however, believe that he is buried in the Imam Ali Mosque in Najaf in Iraq. A few kilometers west of Mazar lies the ruins of the ancient city of Balkh. It has a glorious past – it was conquered by Alexander and later became the capital of the Greek Satrapy Bactria. Balkh was on one of the important Silk Road routes. Unfortunately, we did not have the opportunity to visit and see the ruins of Balkh.

Mazar-e-Sharif and Mosque

The first day in Mazar was spent in meetings with the local government officials who briefed us about the status of petroleum trade. In North Afghanistan. The next day we went around seeing the oil storage, loading and distribution facilities. All of them had suffered extensive damage in the prolonged war. The tank farms were almost completely ruined. One thing we had noticed during our inspections that the Soviet built facilities did not follow the kind of safety norms that we routinely followed in India. The installations built by German and other Western countries did. We were also showed around the town – we saw the Mazar and the attached Mosque and we also saw the ground where Buzkashi matches took place. Being winter, no matches were being played then.

A couple of days later we set off to visit the terminal station which was one of the main entry points of imported oil. This journey was through desert. It was a bitterly cold day with a very strong wind blowing. When we got out of the car at our destination, we had to be careful not to face the wind, if we by mistake opened our mouth to speak, we would end up having a mouthful of sand. We were told that such cold weather with strong wind indicated that it would be snowing soon. And indeed, there was heavy snowfall next day.

Our destination was the place called Hairatan. It is on the bank of the river Amu Dariya which formed the border between Afghanistan and Uzbekistan. The desert extended right up to the bank of the river – no green belt. There was a railway bridge across the river nearby. Soon after we reached there a train crossed the bridge pulling a number of oil bowsers carrying petroleum products such as petrol, diesel, aviation fuel etc. The station had terminal facilities for unloading the oil and pumping it to storage tanks. The railway line ended here. Afghanistan had no train tracks. The only mode for transporting and distributing oil from here was through road tankers. There were a number of road tankers at the terminal, some being filled, some waiting.

Hairatan – Railway bowser unloading and road tanker loading bays

A barge on river Amu Dariya

Our team with Afghan officers

After we had been shown around the facilities, the manager of the terminal invited us to have lunch with him. He was very nice and pleasant, though, because of language barrier, conversation did not extend very far. He brought out a bottle of Vodka and invited us to share it with him. It was Russian, he said. Initially we were a bit hesitant, knowing how conservative the Afghans were. Finally, one member of our team agreed to share a drink with him. The Afghans who had travelled with us refrained. Lunch was served. We found out later that the menu was standard in this kind of official lunches – meat biriyani, meat curry, Afghani roti and kababs. The kababs were unique. Each helping comprised of a long thin skewer, at the end of which were two pieces of meat and in between them was a piece of fat. Each of us was given a dozen or more of these skewers, there were extra helpings available. The food was tasty. I carefully removed the piece of fat from each of my kababs. By the time we finished eating, I found that while our teammate was still nursing his glass of vodka, the bottle next to our host was almost empty.

At the Dilli Darbar restaurant that evening, we found that our Afghan friends from Kabul had followed us there and noticed several bottles of beer on their table.

We woke up next morning to find, as predicted, that everything was covered in a thick layer of snow. Snowfall continued for the whole day. That day and the next were spent in meetings learning all that we needed to know about petroleum trading in the Northern states.

It was time for us to move on. The weather had cleared, though snow was there on the ground. We went to the airport after early breakfast. Our next destination was Herat. The plane came about 3 hours late. Anyway, it was a short flight. The road from Herat airport to the town was well maintained, tree lined and was adorned all along with portraits of mujahedeen who had been martyred during the hostilities.

After a quick lunch at the hotel, we went for a meeting with officials of Herat Chamber of Commerce who would be showing us around here. We met at the conference hall of the Chamber. At these official meetings, two bowls are kept in front of each participant and tea is served. Tea could be black or green, served without milk or sugar. One of the bowls holds dry fruits and the other toffees. We

noticed that the locals take a few sips of tea and then puts a toffee in the mouth and sips tea through that. Attendants make sure that as soon as the level of tea in the cup goes down, it is refilled.

The Mud Fort of Herat

A view of Herat city from our hotel

The meeting started with discussion between the government officers from Kabul and the locals. They were speaking in Dari (a form of Persian) and I could not follow anything, but could feel that both sides were getting excited. After that was over, the actual meeting started. One of my teammates knew Urdu and he could follow the talks to some extent. Apparently, the Herat people were annoyed that the Central government men had come with us. They wanted it be known that petroleum business in Herat province was their business and they would not accept any interference from Kabul. However, since these friends have come from India, they would be shown whatever they wanted to see.

Next day we travelled north to the Turkmenistan border. Similar to the arrangement we had seen in Hairatan, oil products came by train to a terminal station in a place called Turghundi from where it was distributed to various parts of Afghanistan by road tankers.

The gentleman who was in charge of petroleum trade in Herat did us the honour of coming along with us himself. Moreover, he invited two of us to accompany him in his car. What drew my attention as we got into the car was that a recess was made in the driver's door into which a semi-automatic rifle was neatly tucked in. We reached Turghundi quite early and it would have been logical for us to go to the terminal first and have lunch after tour of the place. But, as I have said before, for the Afghans food came first. All the office furniture were pushed to the walls and a large piece of cloth was spread on the floor. Food was served on the cloth. We sat on the floor around it and helped ourselves. Before sitting on the floor, our host, that is the gentleman in whose car we travelled, took his right leg off and carefully placed it on the floor. He had been a Mujahideen and had lost the leg during the hostilities. Afghanistan had a lot of such people. The menu was the same as that in Hairatan and once again I carefully removed the pieces of fat before eating the Kababs.

The next couple of days we were taken around to see the petroleum facilities.

Apart from Turkmenistan, Herat Provence shares a long border with Iran and received a fair quantity of oil and LPG from Iran by road. We visited an LPG bottling station and were amazed to note the lack of safety concern there. It was common to see roadside shops stocking a few large LPG bottles. Anybody could bring his empty cylinder and get it filled there, cylinder to cylinder.

Herat city seemed to be better looked after and prosperous compared to the other two towns we had seen – Kabul and Mazar. Probably it benefitted more from trading with the neighbouring countries. There were two interesting places we visited. One place had hundreds, probably, thousands of cars parked quite haphazardly. We were told that these were old, secondhand cars that had been imported, mostly from Dubai. They could be bought at very reasonable price and people from all over Afghanistan came to buy them. The other place we discovered by chance. One afternoon we found that our companions from Kabul were entering the hotel pulling what looked like new suitcases. They told us that they had been to the Chinese market and everything there was so incredibly cheap that they had ended up buying a lot of things. Finally, they had to buy suitcases to be able to carry them. Out of curiosity we visited the market and found that what we had been told was true. Of course, the quality of the stuff was bad. But in a poor country that did not matter. The Chinese know how to capture a market. We did some sight-seeing. We went for a drive out of the town and were shown some old monuments and mosques.

A couple of monuments outside Herat city

Our flight back to Kabul was in the morning. After check-in and completion of formalities we were told that the flight was delayed by a couple of hours. But the delay extended. The airport had no food facility, so someone was dispatched to get some snacks for us. We had Afghans as our companions and for them, skipping a meal was unthinkable. Finally, the flight arrived late in the afternoon. Unloading and loading took a long time and the pilot, a European, was getting impatient. He was urging the people to hurry up as, he said, there was no night landing facility in Kabul. At last, we got seated. But another problem arose. There was one extra passenger for whom there was no seat. An argument started. The pilot had to shoo everyone out of the plane, and we took off. When we landed in Kabul, it was almost dark.

That was not the end of that day's adventure. There were things happening in Kabul while we were away. Loya Jirga

was in session. Loya Jirga means 'grand assembly'. The December 2003 Loya Jirga was for the purpose of adopting the draft constitution of the country. Delegates from all over the country, representing all sections of society, had assembled to discuss the newly drafted constitution. We had seen its preparation before we left. But during the session extra tight security had been put in place. As we approached our hotel on our way from the airport, we were stopped at a road junction and told that we could not go any further – no private vehicles were allowed beyond that point. The road to the venue for the Loya Jirga was the same as that of ours for the hotel. We were in a fix. The hotel was several kilometres away and all our luggage was in the car. Phone calls were made. Our handlers were from the Ministry of Commerce who had no say in this matter. They had to take it up with the relevant authority. Finally, after waiting for about an hour we were allowed to go.

Let me narrate one related incident. One evening we found Zia Rahman, a colleague of ours from Bombay in the hotel lobby. He had come to attend some meetings totally unrelated to our mission. We exchanged pleasantries and went to our respective rooms. Next evening when we were assembling in the lobby on the way to the dining room, Zia walked in. He looked to be in a mess, as if he had just been hit by a storm. We sat him down and asked him what had happened. Obviously, it had not been a good day for him. In the afternoon he had an appointment at the US Embassy. When he arrived there, a sentry looked at the car through a peephole and opened the gate and they drove in. He didn't know what had gone wrong, but when he opened the door and got out of the car, he found himself looking at a dozen gun barrels pointed at him. It was very scary. He was lucky, he said, that he had not soiled his trouser. A couple of phone calls later the man he had appointment with him came out and rescued him. But that was only the beginning. On his way back to the hotel late that evening, his car was stopped at the same road blockade where we had been stopped. He tried namedropping and used the names of all the Afghan government officers he knew, but without success. His car was sent back, and he was asked to wait. The security man was kind. He offered him a chair and assured him that he would be put in the very first car that comes with permit to go on that road. Soon a car arrived. The security officer spoke to the gentleman sitting in the car, opened the door and signaled our friend to enter. He got in only to be startled to see that sitting on the other side of the seat was a large built Pathan with a semi-automatic gun across his lap. The man spoke English and started to converse. Asked for his name, Zia was happy that he had a Muslim name. But the next question was a tricky one – are you from India or Pakistan? Zia was in a dilemma. He did not know which side this man belonged to and how he would react. He started sweating in that cold winter night. If he gave the wrong answer, the man could simply shoot him and throw his body on the roadside. At last, he blurted out: 'India'. The man smiled and dropped him off near the hotel.

We had by now collected all the information and data that we needed, seen

what we needed to see and were ready to say goodbye to Afghanistan. We landed in Dubai on Christmas eve and after a quick bath went out in search for a vegetarian restaurant. After eating meat 3 times a day continuously for more than 3 weeks, my tummy needed some relief.

We left Afghanistan with a feeling of optimism. Our visit was not long after the NATO forces had liberated Afghanistan from the oppressive rule of the Taliban. Situation was still not absolutely normal – much of the country was still in ruins, occasional bomb blasts were happening. But the healing process had started. A new constitution had been adopted, there was hope for a stable government. People were dreaming of a better future, a future in which women would be free to move about on their own, women would be able to study, get educated, could have professional careers. People would not be refrained from singing, dancing, watching films, may be even produce films of their own. Work had already started to repair/rebuild damaged buildings, build infrastructure. Afghanistan was rich in minerals, mining them and building up industry would bring prosperity to the country. There was the general atmosphere of expectation, of hope….. But now, 18 years after that, all those dreams have disappeared, turned into a nightmare – the same old oppressive regime of Taliban is back. No one seems to believe their assurance that they have changed. That is why there is such a rush for people to escape from the country. We can only hope and pray for the wellbeing of the common folk of that country.

অঞ্জনা নদীর খোঁজে

- দিলীপ সেনগুপ্ত

আমাদের অনেকেরই হয়তো কবিগুরুর ‘‘সহজ পাঠ’’ এর এই কবিতা টা মনে আছে

‘‘অঞ্জনা নদীতীরে চন্দনী গাঁয়ে ,
পোড়ো মন্দিরখানা গঞ্জের বাঁয়ে।
জীর্ণ ফাটল-ধরা; এক কোণে তারি,
অন্ধ নিয়েছে বাসা কুঞ্জবিহারী।
আত্মীয় কেহ নাই নিকট কি দূর,
আছে এক ল্যাজ-কাটা ভক্ত কুকুর।’’

During my 'Mission Bengal' in 2018, I came to know that Anjana river is in Nadia District. In spite of the fact that the river was almost 'extinct' and it was December, it's mention in Tagore's poem was reason enough for me to 'go for it'. So, on 24/12/18 (a day, otherwise I will remember for 'travelling maximum distance on a single day by using different modes of land transport in my life') I reached Chandandaha village (চন্দনী গাঁয়ে) via Badkulla Railway Station.

As expected, it was not a great sight – river was almost dry. But something interesting happened. I found some villagers telling each other ‘‘দেখো দেখো ক্যামেরা করছে।’’ I learned a different phrase for photography

They came near me. I was little scared. I started conversation. There was a wooden bridge across the river. It had broken down years ago and in spite of ‘promises’ for a new bridge, no action has been taken. They thought I had gone to take up the construction now. I felt bad. I don’t know the present status. Sharing some photos of my experience.

Photo Courtesy : Dilip Sengupta

7

Essays - Knowledge is power

Our knowledge can only be finite while
our ignorance must necessarily be infinite
- Karl Popper

বঙ্গভূমে মুসলিমায়ন

- *গোরা চক্রবর্তী*

ভারতবর্ষ পূর্বে গণ্ডোয়ানা ভূখণ্ডের আফ্রিকা মহাদেশের পূর্বসীমানার সাথে যুক্ত ছিল। পরবর্তি সময়ে জটিল টেকটনিক (Tectonic) প্লেট পরিচলনের মাধ্যমে আফ্রিকা থেকে বিচ্ছিন্ন হয়ে লাউরাশিয়ার টেকটনিক প্লেটের সাথে বর্তমান স্থানে যুক্ত হয় এবং সৃষ্টি করে হিমালয় পর্বতমালা, যা পূর্ব-পশ্চিমে প্রায় ২,৫০০ কিলোমিটার বিস্তৃত। উক্ত সময়ে বঙ্গভূমির উপস্থিতি ছিল না। বঙ্গভূমি বলতে এখানে পশ্চিমবঙ্গ, ত্রিপুরা ও বর্তমান বাংলাদেশকে একসাথে বোঝান হচ্ছে। বঙ্গোপসাগর তখন হিমালয়ের পাদদেশ পর্যন্ত বিস্তৃত ছিল। সময়ের সাথে হিমালয় পর্বতের নদিসমূহ আনীত পলিমাটির সহায়তায় বঙ্গোপসাগরের বর্তমান বঙ্গভূমি নামক স্থানে নাব্যতা কমাতে থাকে এবং জেগে ওঠে বঙ্গভূমি। (টিকা-এক)। বঙ্গভূমের বর্তমান পর্যায়ে আসতে দীর্ঘ সময় ব্যতীত হয়। একসময় সমস্ত বঙ্গভূমি গভীর বন-জঙ্গলে আচ্ছাদিত ছিল এবং ছিল জনবসতিশূণ্য। ক্রমে গরীব লোকজন উত্তর, পশ্চিম ও পূর্ব সীমান্ত দিয়ে অনুপ্রবেশ করে এবং জঙ্গল কেটে ঘর-বাড়ি তৈরি করে বসত আরম্ভ করে। যখন প্রথম প্রথম আবাদী শুরু হয়, সময়টা ছিল আজ থেকে প্রায় পাঁচ হাজার বছর পূর্বেকার। কোন শাসন ব্যবস্থা প্রথম দিকে ছিল না। তবে যারা বঙ্গভূমে বসতি শুরু করে, তাদের ভেতর হয়তো পারস্পরিক সম্প্রীতি ছিল এবং তারা সুখেই ছিল। যারা বঙ্গভূমের জঙ্গলাকীর্ণ অঞ্চলে বসতি শুরু করে, তারা সবাই বলা যায় অন্ত্যজ হলেও হিন্দু ধর্মের অন্তর্ভুক্ত ছিল। ক্রমে উচ্চ বর্ণের কতিপয় হিন্দুও বঙ্গভূমে এসে হাজির হয়। পূর্বেই উক্ত হয়েছে যে উক্ত সময়ে বঙ্গভূম অঞ্চলে কোন শাসন ব্যবস্থা ছিল না। ফলস্বরূপ এই ব্রাহ্মণ সম্প্রদায় অন্যবর্ণের বসতকারীদের উপর ধর্মের নামে অত্যাচার শুরু করে। এই অবস্থায় খৃষ্টপূর্ব তৃতীয় শতকে মৌর্য বংশের রাজা অশোকের নেতৃত্বে বৌদ্ধ ধর্মের প্রচার শুরু হয়। মৌর্য রাজশাসন কায়েম হওয়ার ফলে বঙ্গভূমের সমস্ত বসতকারী, ব্রাহ্মণদের অত্যাচার থেকে নিস্তরণের প্রয়োজনে বৌদ্ধধর্মে দীক্ষিত হয়। উক্ত সময়ে বঙ্গভূমের উত্তর, পশ্চিম এবং পূর্বদিকের সিলহেট অঞ্চলে অনেক বৌদ্ধস্তুপ ও বিহার গড়ে উঠেছিল। অশোকের রাজত্বকালের এবং মৌর্যপরবর্তী যুগের শিলালিপি ও অন্যান্য উৎস থেকে এটা স্পষ্ট যে, অশোকের সময়ে বৌদ্ধধর্ম বাংলায় দৃঢ়ভাবেই প্রতিষ্ঠিত হয়েছিল। খ্রিষ্টপূর্ব দ্বিতীয় শতকে পুষ্যমিত্র তাঁর প্রভু বৃহদ্রথকে হত্যা করে মগধের সিংহাসন অধিকার করেন এবং শূঙ্গবংশের প্রতিষ্ঠা করেন।

শূঙ্গবংশের অভ্যুদয়ে বৌদ্ধধর্ম প্রথমবারের মতো বাধাগ্রস্ত হয়। তবে ঐতিহাসিকদের অভিমত এই যে, শূঙ্গরাজারা বৌদ্ধধর্মের প্রতি অসহিষ্ণু ছিলন না এবং সে কারণে তাঁদের সময়ে বৌদ্ধধর্মের প্রসারও ঘটেছিল। খ্রিষ্টীয় প্রথম শতকে কুষাণরাজদের সময় বৌদ্ধধর্ম আবার নতুন শক্তি লাভ করে। রাজা কনিষ্ক বৌদ্ধধর্মকে রাষ্ট্রীয় ধর্মে উন্নীত করেন এবং অশোকের মতো স্তুপ, চৈত্য ও বিহার নির্মান করেন। তিনি বিদেশে ধর্মপ্রচারকদেরও প্রেরণ করেন। এ সময়ের প্রাপ্ত বিভিন্ন বুদ্ধমূর্তি, তাম্র ও স্বর্ণমূদ্রা এবং প্রত্নলিপি থেকেও কনিষ্কের আমলে বৌদ্ধধর্মের সমৃদ্ধি অর্জনের স্পষ্ট প্রমাণ পাওয়া যায়। পাঠকের সুবিধার্থে তৎসময়কার ভৌগলিক অবস্থান চিত্র -১ দেখান হলো।

চিত্র-১ প্রাচীন যুগের বঙ্গভূমি

চতুর্থ শতাব্দীর গোড়ার দিকে প্রতিষ্ঠিত হয় গুপ্ত সাম্রাজ্য। গুপ্ত সম্রাটরা ছিলেন ব্রাহ্মণ্যধর্মের একনিষ্ঠ অনুসারী। তাঁরা এ ধর্মকে পুনরুজ্জীবিত করে তোলেন। পাশাপাশি তাঁরা বৌদ্ধধর্ম এবং অন্যান্য ধর্মের প্রতিও উল্লেখযোগ্য সহিষ্ণুতা ও সহানুভূতি প্রদর্শন করেন। তাঁদের উদার ধর্মীয় দৃষ্টিভঙ্গি ব্রাহ্মণ্যধর্মের পাশাপাশি বৌদ্ধধর্মের প্রসারেও সহায়তা করে। শৈব ও বৈষ্ণব এ দুটি শক্তিশালী মতবাদের কাছে বৌদ্ধধর্ম একটি প্রতিযোগী মতবাদ হিসেবে দেখা না দিয়ে বরং হিন্দুধর্মের আরও কাছাকাছি এসেছিল। আধ্যাত্মিক নাস্তিক্যবাদ পরিহার করে বৌদ্ধধর্ম ভক্তি আন্দোলনের এতই কাছাকাছি চলে এসেছিল যে, ষষ্ঠ শতকের মাঝামাঝি সময়ে বুদ্ধদেব বিষ্ণুর একজন অবতার রূপে গৃহীত হন।

চৈনিক সূত্রমতে প্রথম গুপ্ত শাসক মহারাজা শ্রীগুপ্ত একটি বৌদ্ধ বিহার নির্মান করে ২৪টি গ্রামসহ তা চীনা ভিক্ষুদের দান করেন। খ্রিষ্ট্রীয় সপ্তম শতক পর্যন্ত সেটি একটি পবিত্র স্থান হিসেবে বিদ্যমান ছিল বলে মনে করা হয়। সমুদ্রগুপ্ত বিষ্ণুর একনিষ্ঠ পূজারী হওয়া সত্বেও বৌদ্ধধর্মের একজন মহান পৃষ্ঠপোষক ছিলেন। তাঁরই সময়ে ভারত ও শ্রীলঙ্গার মধ্যে সাংস্কৃতিক সম্পর্ক গড়ে ওঠে। তিনি তাঁর শিক্ষক বিখ্যাত বৌদ্ধপণ্ডিত বসুবন্ধুকে মন্ত্রী নিয়োগ করেন এবং শ্রীলঙ্কার রাজা মেঘবল্লের অনুমতি সাপেক্ষে শ্রীলঙ্কার তীর্থযাত্রীদের জন্য বোধগয়ায় একটি বৌদ্ধ বিহার নির্মাণ করেন। দ্বিতীয় চন্দ্রগুপ্ত তাঁর পিতা সমুদ্রগুপ্তের মতোই বৈষ্ণবধর্মের একজন একনিষ্ঠ সমর্থক ছিলেন। কিন্তু তা সত্বেও তিনি তাঁর সাম্রাজে অন্যান্য ধর্মচর্চার ক্ষেত্রেও সম্পূর্ণ স্বাধীনতা ও নিরাপত্তা বিধান করেছিলেন। তাঁর শাসনকালে বৌদ্ধধর্মে জনজীবনে গভীর প্রভাব ফেলেছিল।

ফা-হিয়েন তাঁর বঙ্গদেশ ভ্রমণকালে গঙ্গানদী পার পয়ে পূর্বাঞ্চল ভ্রমণ করেন বলে বলা হয়। সে সময় তিনি বিভিন্ন স্থানে অনেক বৌদ্ধ স্তুপ ও ভিক্ষুদের দেখতে পেয়েছিলেন। বলা হয়ে থাকে যে, তিনি তাম্রলিপ্তিতে দু'বছর অবস্থান করেন এবং বাইশটি বৌদ্ধ বিহার পরিদর্শন করেন, যেখানে বৌদ্ধ বিনয়ানুসারী ভিক্ষুরা বসবাস করতেন।

